শিল্প মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনা				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	শিল্প মন্ত্রণালয়	০৪	০৪	-	-	৩	৪	১৩% - (২০০%)	৩	৪৭.৬৮% ১৩৩%

০১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা:** ০৪

০২। **সমাপ্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:**

মূলত ভূমি অধিগ্রহণ এবং ক্রয় কার্যক্রমে বিলম্বের কারণেই প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ঘটেছে। এছাড়া প্রকল্পের সাইট পরিবর্তন, ভূমি উন্নয়নসহ অন্যান্য খাতে ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণে সংশোধন ও মেয়াদ বৃদ্ধি করা হয়। বিএসটিআইএর প্রকল্পের মূল কার্যক্রম 'সিএনজি মাষ্টার মিটার ক্রয়' সম্পাদন করতে বিলম্ব হয়। যন্ত্রটি ক্রয়ের জন্য ০৩বার টেন্ডার আহ্বান করেও মিটারসমূহ ক্রয় করা যায় নি, ফলে ৪র্থ বারের মত টেন্ডার করে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানটি নির্ধারিত সময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হয় এবং ৫ম বারের মত টেন্ডার আহ্বান করা হয়। এছাড়া চট্টগ্রাম আঞ্চলিক অফিস ভবনের আঙ্গিনায় নির্মিত সিএনজি ল্যাবরেটরী বিল্ডিং নির্মাণে দেরি হয়। যার ফলে ২য় বার সংশোধন ও মেয়াদ বৃদ্ধি ঘটে।

০৩। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:**

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
১	প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ক্রয়ের উদ্দেশ্য হল সারা দেশে বিদ্যমান সিএনজি ফিলিং স্টেশনে ব্যবহৃত ডিসপেন্সিং ইউনিটসমূহের পরিমাপের সঠিকতা নিরূপন করা। কিন্তু বিগত ৩০ জুন, ২০১৭ তারিখে প্রকল্পটি সমাপ্ত হলেও এখনও যন্ত্রপাতিসমূহের মাধ্যমে যাচাই কার্যক্রম বিএসটিআই কর্তৃক শুরু করা হয়নি। প্রকল্প পরিচালকের কাছ থেকে জানা গিয়েছে যে, সিএনজি গ্যাসের ডেনসিটি ফ্যাক্টর নির্ধারণ না হওয়ার কারণে কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি।	১	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য Stakeholder দের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে ডেনসিটি ফ্যাক্টর নির্ধারণসহ অন্যান্য জটিলতা নিরসন করতে হবে। সিএনজি ফিলিং স্টেশনে ব্যবহৃত সিএনজি ডিসপেন্সিং ইউনিটের পরিমাপের সঠিকতা যাচাই সংক্রান্ত প্রকল্পের মূল কার্যক্রম দ্রুত শুরু করতে সংশ্লিষ্ট সংস্থা এবং মন্ত্রণালয়কে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে;
২	প্রকল্পের আওতায় নির্মিত শিল্প প্লটে গ্যাসের সংযোগ দেয়ার সংস্থান থা কলেও সংশ্লিষ্ট গ্যাস কোম্পানি কর্তৃক নতুন শিল্পে গ্যাস সংযোগ প্রদানে অপারগতার বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষকে জানানো হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে,সম্প্রসারনকৃত টি শিল্প প্লটে গ্যাস সংযোগ প্রদান অনিশ্চিত হ য়ে প ড়ায় বরাদ্দকৃত প্লটসমূহে শিল্প স্থাপন কাজে ধীর গতি পরিলক্ষিত হচ্ছে।	২	বর্তমানে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহের সুবিধা প্রাপ্তির কার্যকর ব্যবস্থা প্রক্রিয়াধীন থাকায় শিল্পে গ্যাস সংযোগ প্রদানের যে সম্ভাবনা তৈরী হচ্ছে সে সুযোগ গ্রহণের লক্ষে প্রকল্প এলাকার শিল্পসমূহে গ্যাস সং যোগ প্রদানের জোর প্রচেষ্ঠা নিতে হবে;
৩	বিবেচ্য প্রকল্পের আওতায় সম্প্রসারণকৃত টি শিল্প প্লটসহ পুরোনো টি প্লটে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা	৩	শিল্প এলাকায় বিপুল বিনিয়োগে শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও প্রচুর মানুষের কর্মসংস্থানসহ নিয়মিত যাতায়াত থাকায় এ স্থানের নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করার

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
	বিধানের জন্য কোন সীমানা প্রাচীর নাই।		জন্য শিল্প এলাকার চারিদিকে সীমানা প্রাচীর নির্মাণ করা অতীব প্রয়োজন।
৪	নির্মিত রাস্তাসমুহের উপরস্থ বিটুমিনের স্তর ক্ষতিগ্রস্থ হওয়া অবস্থায় দোখা গেছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক এবং উপস্থিত প্রকৌশলী জানান যে, বরাদ্দকৃত প্লটে শল্প প্রতিষ্ঠান নির্মা ণ কাজের মালামাল পরিব হনসহ নির্মাণসামগ্রী প্রক্রিয়াকরনের কারণে নির্মিত রস্তাগুলোর উপরিভাগের বিটুমিনের প্রলেপ ক্ষতিগ্রস্থ হয়েছে।	৪	শিল্প প্লট বা আবাসিক প্লট নির্মাণ প্রকল্পে প্রকল্প বাস্তবায়নাধীন পর্যায়ে বিটুমিনের রাস্তা নির্মাণ না করে শুধু ইটের (এইচবিবি) তৈরী রাস্তা নির্মাণ করা হলে তা অর্থের অপচয় রোধের সহায়ক হবে।
৫	প্রকল্পের আওতায় সম্প্রসারণকৃত শিল্প প্লটসহ পূর্বে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য পরিশোধনের কোন প্রক্রিয়াজাতকরণ প্লান্ট (ETP)না থাকায় শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য ড্রেনের মাধ্যমে ই ছামতি নদীতে (বর্তমানে নদীটি সরু খাল) ফেলা হচ্ছে যাতে পরিবেশের ক্ষতির উচ্চ ঝুঁকির আশংকা রয়েছে ।	৫	পাবনা শিল্প এলাকার ক্ষতিকর শিল্প বর্জ্য সরাসরি প্রাকৃতিক পানির উৎসে যুক্ত হওয়া বন্ধ করে পরিবেশ বান্ধব বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে একটি কেন্দ্রীয় বর্জ্য প্রক্রিয়াকরণ (ETP) প্লান্ট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;
৬	প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদির দীর্ঘমেয়াদে টিকিয়ে রাখা এবং বিএসটিআই এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে এই প্রকল্পটি ভূমিকা রাখতে পারতো। কিন্তু যথাযথ Stakeholder Analysis এবং Exit Plan না থাকায় প্রকল্পের output বিশেষত outcome প্রাপ্তি দীর্ঘায়িত হচ্ছে এবং জনগণ প্রকল্পসৃষ্ট সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।	৬	ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে যথাযথ Stakeholder Analysis এবং Risk Analysis করতে হবে যাতে প্রকল্পের Outcome প্রাপ্তি নিশ্চিত করা যায়।
৭	প্রকল্পটি বাস্তবায়নে মোট ৫ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ১ বছর বেশী (২৫%) বেশি । যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে পূর্বেই সুফল পাওয়া যেতো।	৭	ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের Time over-run না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়।
৮	প্রকল্পের আওতায় নির্মিত ল্যাবের জন্য ০৬ জন কারিগরী কর্মকর্তার মধ্যে ০৪ জন আমদানীকৃত আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের উপর প্রশিক্ষণ ও প্রয়োজনীয় দক্ষতা অর্জন করেন। কিন্তু প্রকল্প সমাপ্ত হওয়ার পর কর্মকর্তার চাকুরী নেই। ফলে ল্যাবটি পরিচালনার জন্য জনবল সংকট রয়ে গেছে। অর্থ ব্যয়ের মাধ্যমে অত্যাধুনিক ল্যাব প্রতিষ্ঠার সুফল পুরোপুরিভাবে পাওয়া যাচ্ছে না।	৮	প্রকল্পের আওতায় নির্মিত ল্যাব পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল সংকট নিরসনে বিএসটিআইকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে অন্যথায় ল্যাব নির্মানের উপকারিতা প্রাপ্তিতে আরো বিলম্ব ঘটবে ; ক্রয়কৃত যন্ত্রপাতিগুলো পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবলকে (প্রতিটি যন্ত্রের জন্য ন্যূনতম ০৩ জনকে) প্রশিক্ষণ প্রদান করতে হবে।

Establishment of Calibration & Verification Facilities of CNG Mass Flow Meter for CNG Filling Station in BSTI (2nd Revised) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্ত: জুন, ২০১৭

১। প্রকল্পের নাম : Establishment of Calibration & Verification Facilities of CNG Mass Flow Meter for CNG Filling Station in BSTI (2nd Revised)

২। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : শিল্প মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ স্টান্ডার্স এন্ড টেস্টিং ইনষ্টিটিউশন (বিএসটিআই)।

৪। প্রকল্পের অবস্থান : বিএসটিআই'র ঢাকা, চট্টগ্রাম, সিলেট ও রাজশাহী আঞ্চলিক অফিস এলাকা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫২০.০০ -	৮১৫.০০ -	৭৬৭.৯১৭ -	জুলাই ২০১১ হতে জুন ২০১৩	জুলাই ২০১১ হতে জুন ২০১৭*	জুলাই ২০১১ হতে জুন ২০১৭**	৪৭.৬৮%	০৪বছর (২০০%)

* প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ছয় মাস মেয়াদ বাড়ানো হয়েছে।

** মূল প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রকৃত ব্যয় ২৪৭.৯১৭ লক্ষ টাকা (৪৭.৬৮%) বেশি এবং প্রকৃত বাস্তবায়ন মেয়াদ মূল পরিকল্পিত মেয়াদ হতে ৪ বছর (২০০%) বেশী।

৬। প্রকল্পের অর্থায়নের উৎস : প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৮১৫.০০ লক্ষ টাকা। এর পুরোটিই জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৭। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Pay of Staff	Nos	16.00	04	15.937	99.61%
House Rent	Nos	6.00	04	6.00	100%
Festival Allowance	Nos	2.50	04	2.072	82.88%
Medical Allowance	Nos	2.00	04	1.566	78.30%
Charge Allowance	Nos	5.50	04	3.859	70.16%
Tiffin Allowance	Nos.	0.50	04	0.281	56.20%
Conveyance Allowance	Nos.	0.50	04	0.144	28.80%
Education Allowance	Nos.	0.50	01	0.084	16.80%
Others Allowance	Nos.	3.50	04	3.453	98.66%
Gas & Fuel	LS	6.00	LS	3.057	50.95%
Bank/Bima Charge	LS	9.00	LS	8.916	99,07%
Stationary & Seal	LS	3.00	LS	2.999	99.97%
Printing & Publication	LS	9.00	LS	8.677	96.41%

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Training	LS	5.00	LS	-	0%
Entertainment	LS	2.00	LS	1.696	84.80%
Honorarium	LS	6.00	LS	5.27	87.83%
Others Expenditure	LS	5.00	LS	4.935	98.70%
Repair, Maintenance and Rehabilitation	LS	2.00	LS	1.898	94.90%
Sub Total Revenue	**-**	**84.00**	**LS**	**70.844**	**84.34 %**
Motor Vehicle, Double Cabin Pickup	4 Nos.	165.00	4 Nos.	160.22	97.10%
Machineries & other equipment	30 Nos	200.00	30 Nos.	188.40	94.20%
Computer & Others	5 Nos	7.73	5 Nos.	7.565	97.87%
Office Equipment	12 Nos	10.00	12 Nos.	7.938	79.38%
Furniture	58 Nos.	4.27	48 Nos.	4.27	100%
Construction of office building	1063 sqm	340.00	1063 sqm	328.68	96.67%
Sub Total capital		**727.00**	**-**	**697.073**	**95.88 %**
Price Contingency	LS	2.00	LS	-	0%
Physical Contingency	LS	2.00	LS	-	0%
Total (Revenue + Capital)	**-**	**815.00**	**-**	**767.917**	**94.22 %**

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :** আলোচ্য প্রকল্পের আওতায় সমস্ত কাজ সম্পাদিত হয়েছে।

৯। **সাধারণ পর্যবেক্ষণ :**

৯.১। **প্রকল্পের পটভূমি :**

দেশের বিভিন্ন পরিবহন পরিচালনার ক্ষেত্রে রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস মূখ্য ভূমিকা পালন করছে। ডিজেল বা পেট্রোল এর দাম বৃদ্ধির কারণে বিভিন্ন যানবাহনে রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস জ্বালানী হিসাবে ব্যবহৃত হচ্ছে এবং এর ব্যবহার দিনদিন বেড়েই চলছে। সিএনজির চাহিদার প্রেক্ষিতে দেশের বিভিন্ন স্থানে বহু ফিলিং স্টেশন স্থাপিত হয়েছে। স্থাপিত সিএনজি ফিলিং স্টেশনগুলোর মাধ্যমেই সমস্ত যানবাহনে রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস সরবরাহ হয়ে থাকে। সরবরাহকৃত সিএনজির বিষয়ে সিএনজি ফিলিং স্টেশন সমূহের বিরুদ্ধে মাপে কারচুপির অনেক অভিযোগ পাওয়া যায়। সিএনজি ক্রেতাদের আরও অভিযোগ করতে শুনা যায় যে, অধিক লাভের আশায় ফিলিং স্টেশনগুলো তাদের ব্যবহৃত সিএনজি ডিসপেন্সিং মেশিনগুলো টেম্পারিং করে থাকে। সরকার থেকে শুরু করে অন্য কোন সংস্থা টেম্পারিংয়ের বিষয়ে এ পর্যন্ত কোন প্রদক্ষেপ গ্রহণ করেনি। ফলে ভোক্তা সাধারণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। বিষয়টি বাংলাদেশ সরকারের দৃষ্টিতে আনা হলে সরকারের উচ্চ পর্যায় হতে এ ব্যাপারে ব্যবস্থা নেয়ার জন্য বিএসটিআইকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে কীভাবে মিটার টেম্পারিং রোধ করা যায় সে বিষয়ে বিএসটিআই সরকারের বিভিন্ন সংস্থার সাথে আলোচনা করে। আলোচনায় এ প্রকল্পটি হাতে নেয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এখানে উল্লেখ্য যে, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) ১৯৮২ সাল থেকে 'দি স্ট্যান্ডার্ডস অব ওয়েটস এন্ড মেজার্স অর্ডিন্যান্স-১৯৮২, অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট, ২০০১' বাস্তবায়নের মাধ্যমে ওজন ও পরিমাপে কারচুপিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে যাচ্ছে। সিএনজি ফিলিং স্টেশনসমূহে ব্যবহৃত ডিসপেন্সিং ইউনিটগুলোও এক একটি পরিমাপক। ফলে এ সমস্ত পরিমাপক যন্ত্র 'ওজন পরিমাপ' আইন অনুযায়ী বছরে কমপক্ষে একবার ভেরিফিকেশন/ক্যালিব্রেশন করা একান্ত দরকার। কিন্তু ভেরিফিকেশন/ক্যালিব্রেশন করার জন্য বিএসটিআই'র কাছে প্রয়োজনীয় যন্ত্রপাতি/সাপোর্টিং নেই। সে লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করে আধুনিক যন্ত্রপাতি ক্রয়, ক্যালিব্রেশন/ ভেরিফিকেশন ল্যাবরেটরী স্থাপন করা হলে সিএনজি ফিলিং স্টেশনে ব্যবহৃত ডিসপেন্সিং ইউনিট দ্বারা সরবরাহকৃত সিএনজির পরিমাপ যাঁচাই করা সম্ভব হবে এবং ভোক্তা সাধারণ উপকৃত হবে।

৯.২। প্রকল্পের উদ্দেশ্য :

- সিএনজি মাস ফ্লো মিটার ক্যালিব্রেশন/ভেরিফিকেশন ল্যাবরেটরীর অবকাঠামো নির্মাণ এবং চট্টগ্রাম আঞ্চলিক অফিসে ট্যাংকলরী ক্যালিব্রেশন সেন্টার নির্মাণ;
- ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট এর বিএসটিআই অফিসের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয়;
- সারাদেশে বিদ্যমান সিএনজি স্টেশনের ডিসপেন্সিং ইউনটের পরিমাপ যাঁচাই/মিটার টেম্পারিং রোধ ও সঠিক সিএনজি পরিমাপের নিশ্চয়তা দেয়া।

৯.৩। প্রকল্প অনুমোদন সংক্রান্ত তথ্য :

আলোচ্য প্রকল্পটি ৫২০.০০ লক্ষ (পাঁচ কোটি বিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১১ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৬-০৫-২০১১ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটি শিল্প মন্ত্রণালয় কর্তৃক গত ২৫ জুলাই, ২০১১ তারিখে প্রশাসনিক অনুমোদন লাভ করে। অনুমোদন লাভের পর অর্থছাড়সহ অন্যান্য কার্যক্রম (নির্মাণ কাজের ডিজাইন, ড্রইং, লে-আউট প্রণয়ন ইত্যাদি) শুরু করতে অনেক দেরি হয়। ফলে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বাড়ানো এবং পিডব্লিউডি রেট সিডিউল পরিবর্তন, পিক-আপ গাড়ীর মূল্য বৃদ্ধি, যন্ত্রপাতির মূল্য বৃদ্ধি ইত্যাদি কারণে প্রকল্পটির ১ম সংশোধন করা হয়। ১ম সংশোধিত প্রকল্পটি ৭৪০.০০ লক্ষ (সাত কোটি চল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১১ হতে জুন,২০১৫ মেয়াদে বা স্তবায়নের জন্য ০৮-০৭-২০১৩ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুমোদন লাভ করে। পরবর্তীতে শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১৩-০৮-২০১৩ তারিখে এর প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। এরপর প্রকল্পের মূল কার্যক্রম 'সিএনজি মাষ্টার মিটার ক্রয়' সম্পাদন করতে বিলম্ব হয়। বর্ণিত যন্ত্র ক্রয়ের জন্য ০৩বার টেন্ডার আহ্বান করেও মিটারসমূহ ক্রয় করা যায় নি, ফলে ৪র্থ বারের মত টেন্ডার আহ্বান করে মেসার্স ইন্ট্রাকো সিএনজি লিঃ নামীয় প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু প্রতিষ্ঠানটি নির্ধারিত সময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হয় এবং তার ১৩ (তেরো) লক্ষ টাকার জামানত বাজেয়াপ্ত করে বাংলাদেশ ব্যাংকে জমা প্রদান করা হয় এবং ৫ম বারের মত টেন্ডার আহ্বান করা হয়। এছাড়া চট্টগ্রাম আঞ্চলিক অফিস ভবনের আঙ্গিনায় নির্মিত সিএনজি ল্যাবরেটরী বিল্ডিং নির্মাণে দেরি হয়। পিডব্লিউডি ১ম বার মেসার্স জনতা এন্টারপ্রাইজ নামীয় প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করে। কিন্তু প্রতিষ্ঠানটি কাজ শুরু করতে অনেক দেরি করে এবং শেষ পর্যন্ত কাজ ফেলে রেখে চলে যায়। পরবর্তীতে পিডব্লিউডি মেসার্স আলীফ এন্টারপ্রাইজ নামীয় প্রতিষ্ঠানকে কাজটি করার জন্য কার্যাদেশ প্রদান করে। এ সমস্ত কারণে প্রকল্পটির ২য় সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয় এবং ২য় সংশোধিত ডিপিপি গত ০৯-০৩-২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৮১৫.০০ লক্ষ (আট কোটি পনেরো লক্ষ) টাকা ব্যয়ে জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৭ মেয়াদে অনুমোদিত হয় এবং ৩০-০৩-২০১৭ তারিখে শিল্প মন্ত্রণালয় হতে অনুমোদিত হয়। কিন্তু প্রকল্পের মূল কার্যক্রম সিএনজি মাস্টার মিটার ক্রয়ে বিলম্ব হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে শিল্প মন্ত্রণালয় কর্তৃক গত ০৪-০১-২০১৭ তারিখে প্রকল্পের মেয়াদ আরো ৬ (ছয়) মাস বৃদ্ধি করে জুন ২০১৭ পর্যন্ত করা হয়। ফলে প্রকল্পের মোট মেয়াদ দাড়াঁয় জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭ পর্যন্ত।

৯.৪ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য :

ক্রঃ নং	নাম ও পদবী	পূর্ণ কালিন	খন্ড কালিন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কিনা	প্রকল্প পরিচালকের দায়িত্বের মেয়াদ
১।	জনাব মোঃ খাদেমুল ইসলাম পরিচালক (মেট্রোলজি) বিএসটিআই, ঢাকা	-	√	না	১০-০৮-২০১১ হতে ২২-১০-২০১৪
২।	জনাব মোঃ আনোয়ার হোসেন মোল্লা পরিচালক (মেট্রোলজি) বিএসটিআই, ঢাকা	-	√	না	২৩-১০-২০১৪ হতে ৩০-০৭-২০১৭

১০। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ:

১০.১ সমাপ্ত প্রকল্পের কার্যাবলী পর্যালোচনা ও মূল্যায়নের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উপ পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক ৩০/০৯/২০১৮ তারিখে বিএসটিআই এর প্রধান কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে প্রকল্পের পরিদর্শন কাজে সহায়তা করেন।

১০.২ প্রকল্প পরিচালক প্রকল্পের সার্বিক বিষয়ে অবহিত করতে গিয়ে বলেন, সারা দেশে ৫৮৭ টি সিএনজি ফিলিং স্টেশনে প্রায় ২৫০০ (দুইহাজার পাঁচশত) সিএনজি ডিসপেন্সিং ইউনিট রয়েছে। এ সকল ডিসপেন্সিং ইউনিটের মাধ্যমে প্রতিদিন গাড়িতে সিএনজি সরবরাহ করা হয়ে থাকে। কিন্তু সিএনজি ভোক্তা সাধারণ এ বিষয়ে অভিযোগ করে থাকেন যে, ডিসপেন্সিং ইউনিটের মাধ্যমে সিএনজি সরবরাহকালে পরিমাপে কারচুপি করা হয়। উক্ত বিষয়টি সরকারের নজরে আনলে সরকার কর্তৃক একটি প্রকল্প গ্রহণের জন্য বিএসটিআইকে নির্দেশনা দেয়া হয়। এ প্রেক্ষিতে বিগত ২০০৮ সালে দেশের বিভিন্ন জায়গার সিএনজি ফিলিং স্টেশনের ডিসপেন্সিং ইউনিট যাচাই কার্যক্রম হাতে নেয়া হয় এবং 'Establishment of Calibration & Verification Facilities of CNG Mass Flow Meter for CNG Filling Station in BSTI' শীর্ষক প্রকল্প নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়।

১০.৩ পূর্ত কাজ : প্রকল্পের আওতায় ঢাকা ডিএমআই ভবনের ২য় তলা সম্প্রসারণের মাধ্যমে এবং চট্টগ্রাম আঞ্চলিক অফিস ভবনের আঙ্গিনায় ৩য় তলা বিশিষ্ট একটি ভবন নির্মা ণের মাধ্যমে সিএনজি ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে। এছাড়া বিএসটিআই'র সিলেট ও রাজশাহী আঞ্চলিক অফিস ভবনে সিএনজি ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে। এ সকল ল্যাবরেটরি সমূহের মাধ্যমে ঢাকা, চট্টগ্রাম, সিলেট ও রাজশাহী অঞ্চলের সিএনজি ফিলিং স্টেশনে ব্যবহৃত ডিসপেন্সিং ইউনিটের পরিমাপের সঠিকতা যাচাই করা হবে।





আলোকচিত্র ১ ও ২ : ডিএমআই ভবনে নির্মিত ল্যাবরেটরি এবং ট্যাংক লরি ক্যালিব্রেশন সেন্টার





আলোকচিত্র ৩ ও ৪ : ডিএমআই ভবনের উপর ২য় তলায় নির্মিত **ল্যাবরেটরি ভবনের ভিতরের অংশ।**

১০.৪ যন্ত্রপাতি: প্রকল্পের আওতায় ৭ (সাত) সেট সিএনজি মাস্টার মিটার ও মাস্টার মিটার ক্যালিব্রেশন/ ভেরিফিকেশন সিস্টেম ক্রয় করা হয়েছে। এর মধ্যে (ক) ঢাকা বিভাগের জন্য ৩টি সিএনজি মাস্টার মিটার, ২টি ওয়েইং স্কেল, ৬টি সিএনজি সিলিন্ডার, ১টি ল্যাপটপ কম্পিউটার এবং ১টি ইউপিএস (খ) চট্টগ্রাম বিভাগের জন্য ২টি সিএনজি মাস্টার মিটার, ২টি ওয়েইং স্কেল, ২টি

সিএনজি সিলিন্ডার, ১টি ল্যাপটপ কম্পিউটার এবং ১টি ইউপিএস (গ) সিলেট বিভাগের জন্য ১টি সিএনজি মাস্টার মিটার, ১টি ওয়েইং স্কেল, ১টি সিএনজি সিলিন্ডার, ১টি ল্যাপটপ কম্পিউটার এবং (ঘ) রাজশাহী বিভাগের জন্য ১ টি সিএনজি মাস্টার মিটার, ১টি ওয়েইং স্কেল, ১টি সিএনজি সিলিন্ডার, ১টি ল্যাপটপ কম্পিউটার ক্রয় করা হয়।






আলোকচিত্র ৫,৬ ও ৭ : সিএনজি মাস্টার মিটার।



আলোকচিত্র ৮ : সিএনজি মাস্টার মিটারের সাহায্যে সিএনজি ডিসপেন্সিং ইউনিট পরীক্ষাকালে। (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত)

১০.৫. আসবাবপত্র : আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত ল্যাবের জন্য একটি প্যাকেজের মাধ্যমে ৪৮ প্রকার আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে দেখা যায়। প্রকল্পের আওতায় ক্রয়কৃত আসবাব পত্র : অফিসার টেবিল (সেক্রেটারিয়েট) ০১টি, অফিসার টেবিল (সেমি সেক্রেটারিয়েট) ০৪টি, অফিসার চেয়ার (রিভলভিং) ১টি, অফিসার চেয়ার ০৪টি, স্টাফ টেবিল ০৩টি, স্টাফ চেয়ার ০৩টি, অন্যান্য চেয়ার ২০টি, স্টিল আলমিরা ০২টি, ফাইল কেবিনেট (স্টিল) ০২টি, ল্যাবরেটরি টেবিল ০৪টি এবং ফাইল র্যা ক ০৪টি প্রভৃতি। অনুমোদিত আরডিপিপিতে ৫৮টি আসবাবপত্র ক্রয়ের বিবরণ থাকলেও বাস্তবে ৪৮টি আসবাবপত্র ৪,২৭,০০০/- (চার লক্ষ সাতাশ হাজার) টাকা ব্যয়ে ক্রয় করা হয়।

১০.৬. কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি : ল্যাবের জন্য প্রয়োজনীয় কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি একটি প্যাকেজের মাধ্যমে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে সংগ্রহ করা হয়েছে।

১০.৭. যানবাহন : প্রকল্পের আওতায় বিএসটিআই'র ৪(চার) বিভাগের ৪(চার) টি আঞ্চলিক অফিসের সিএনজি ল্যাবের জন্য ৪টি পিকআপ গাড়ি ক্রয় করা হয়।

১০.৮ জনবল নিয়োগ : প্রকল্পের আওতায় একজন হিসাব রক্ষক ও একজন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক সরাসরি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগ দেয়া হয়েছিল। এছাড়া আউটসোর্সিং এর মাধ্যমে একজন ড্রাইভার ও একজন এমএলএসএস নিয়োগ দেয়া হয়।

১১.০ অর্থ বছরভিত্তিক প্রকল্পের বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য :

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			আর্থিক ব্যয়		
	মোট	টাকা	প্র.সা.	মোট	টাকা	প্র.সা.
২০১১-১২	১২৩.০০	১২৩.০০	-	১১৩.৩০	১১৩.৩০	-
২০১২-১৩	৬৫.০০	৬৫.০০	-	৬২.৫০৫	৬২.৫০৫	-
২০১৩-১৪	১২০.০০	১২০.০০	-	১১৮.৬৩৬	১১৮.৬৩৬	-
২০১৪-১৫	৬২.০০	৬২.০০	-	৫৮.৯৩৮	৫৮.৯৩৮	-
২০১৫-১৬	৩২৩.০০	৩২৩.০০		১২৯.৭৬৮	১২৯.৭৬৮	
২০১৬-১৭	৩০০.০০	৩০০.০০		২৮৪.৭৭	২৮৪.৭৭	
মোট	৯৯৩.০০	৯৯৩.০০	-	৭৬৭.৯১৭	৭৬৭.৯১৭	-

১২. প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্য :

ক্র: নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি মূল্য (টাকা)	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	বাস্তবে কার্য সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১	যন্ত্রপাতি ক্রয় GD-1	৩০.০৬.২০১৬	০৩-১১-২০১৬	১,৮৮,৪০,০০০/-	২২-০৬-২০১৭	১৫-০৬-১৭	মেসার্স পেট্রো প্রোঃ কোং, ভাটারা, ঢাকা
০২	ফটোকপি ও স্ক্যানার GD-2	১৯.০৪.২০১৬	৩১.০৫.২০১৬	৪,৭৪,০০০/-	১৪-০৬-২০১৬	১৪-০৬-২০১৬	ট্রেড লিংকার্স অফিস অটোমেশন লিঃ , গুলমান-২, ঢাকা
০৩	ল্যাপটপ কম্পিউটার GD-3	১৭-০২-২০১৫	০১-০৬-২০১৫	৬,৭৪,৮৬০/-	২৯-০৬-২০১৫	২৮-০৬-২০১৫	মেসার্স ইন্টিমেসি কম্পিউটার এন্ড সলিউশনস, মতিঝিল, ঢাকা
০৪	ল্যাপটপ কম্পিউটার GD-4	১৯-০৬-২০১২	২৬-০৬-২০১২	৭৫,০০০/-	২৮-০৬-২০১২	২৭-০৬-২০১২	মেসার্স মালিহা কম্পিউটারস, শেওড়াপাড়া, ঢাকা
০৫	১টি ডাবল কেবিন পিকআপ ক্রয় GD-5	২১-০৫-২০১২	১৭.০৬.২০১২	২৯,৪০,০০০/-	২১-০৬-২০১২	২০.০৬.২০১২	মেসার্স এসিই অটোস প্রাঃ লিঃ, তেজগাও, ঢাকা
	আসবাবপত্র ক্রয় GD-6	২৩.০৪.২০১২	স্পট কোটেশন	৪,২৭,০০০/-	১১-০৬-২০১২	০৭-০৬-২০১২	মেসার্স পারটেক্স ফার্নিচার, মণিপুরীপাড়া, ঢাকা
০৬	স্টেশনারি GD-7	১৫-০৩-২০১২	স্পট কোটেশন	২.৮১,৫৮৩/-	২৬-০৪-২০১২	২৬-০৪-২০১২	মেসার্স সোহেল এন্টাপ্রাইজ, তেজগাও,

ক্র: নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি মূল্য (টাকা)	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	বাস্তবে কার্য সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
							ঢাকা
০৭	এসি GD-8	১৭-০২-২০১৫	২৭-০৫-২০১৫	৩,১৯,৮০০/-	১৮-০৬-২০১৫	০৯-০৬-২০১৫	মেসার্স হেভেন কনসোরটিয়াম, তোপখানা রোড, ঢাকা
০৮	২টি ডাবল কেবিন পিকআপ ক্রয় GD-9	০৩-০৯-২০১৩	০৯-১২-২০১৩	৮০,২০,০০০ /-	২৪-১২-২০১৩	১৯-১২-২০১৩	মেসার্স র্যাং গস লিঃ, তেজগাও, ঢাকা
০৯	১টি ডাবল কেবিন পিকআপ ক্রয় GD-10	১৮-০৫-২০১৬	১৬-০৬-২০১৬	৫০,৬২,০০০ /-	২৭-০৬-২০১৬	২৩-০৬-২০১৬	মেসার্স নাভানা লিঃ , তেজগাও, ঢাকা

১২.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
সিএনিজ মাস ফ্লো মিটার ক্যালিব্রেশন/ ভেরিফিকেশন ল্যাবরেটরীর অবকাঠামো নির্মাণ এবং চট্টগ্রাম আঞ্চলিক অফিসে ট্যাংকলরী ক্যালিব্রেশন সেন্টার নির্মাণ;	বিএসটিআই'র ঢাকা ডিএমআই ভবনের ২য় তলা সম্প্রসারণের মাধ্যমে সিএনজি ল্যাবরেটরি বিল্ডিং নির্মাণ করা হয়েছে। বিএসটিআই 'র চট্টগ্রাম আঞ্চলিক অফিস ভবনের আঙ্গিনায় ৩য় তলা পর্যন্ত সিএনজি ল্যাব রেটরি বিল্ডিং নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং এর পাশে ট্যাংক লরি ক্যালিব্রেশন সেন্টার নির্মাণ কাজও সম্পন্ন হয়েছে। ফলে এ সকল ল্যাবরেটরির মাধ্যমে ঐ সকল স্থানের সিএনজি ফিলিং স্টেশনের ডিসপেন্সিং ইউনিট যাচাই কাজ পরিচালিত হবে এবং ভোক্তা সাধারণের সঠিক পরিমাপের সিএনজি প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা সম্ভব। ট্যাংক লরি ক্যালিব্রেশন সেন্টারটির মাধ্যমে লরি ক্যালিব্রেশন কাজ সম্পন্ন হচ্ছে বলে প্রকল্প কার্যালয় হতে জানা গিয়েছে।
ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট এর বিএসটিআই অফিসের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয়;	ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট এর বিএসটিআই অফিসের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় সম্পন্ন হয়েছে।
সারাদেশে বিদ্যমান সিএনজি স্টেশনের ডিসপেন্সিং ইউনটের পরিমাপ যাঁচাই/ মিটার টেম্পারিং রোধ ও সঠিক সিএনজি পরিমাপের নিশ্চয়তা দেয়া।	সারাদেশে বিদ্যমান সিএনজি স্টেশনের ডিসপেন্সিং ইউনটের পরিমাপ যাঁচাই/ মিটার টেম্পারিং রোধ ও সঠিক সিএনজি পরিমাপের নিশ্চয়তা বিধান করা 'ওয়েটস এন্ড মেজার্স অর্ডিন্যান্স-১৯৮২ এবং এমেন্ডমেন্ট এক্ট-২০০১' অনুযায়ী সম্পন্ন করা সম্ভব । তবে সিএনজি গ্যাসের ডেনসিটি ফ্যাক্টর নির্ধারণ না হওয়ার কারণে কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি মর্মে প্রকল্প কর্তৃপক্ষ অবহিত করেন।

১৩.০. পর্যালোচনা :

১৩.১ প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ক্রয়ের উদ্দেশ্য হল সারা দেশে বিদ্যমান সিএনজি ফিলিং স্টেশনে ব্যবহৃত ডিসপেন্সিং ইউনিটসমূহের পরিমাপের সঠিকতা নিরূপন করা। কিন্তু বিগত ৩০ জুন, ২০১৭ তারিখে প্রকল্পটি সমাপ্ত হলেও এখনও যন্ত্রপাতিসমূহের মাধ্যমে যাচাই কার্যক্রম বিএসটিআই কর্তৃক শুরু করা হয়নি। প্রকল্প পরিচালকের কাছ থেকে জানা গিয়েছে যে, সিএনজি গ্যাসের ডেনসিটি ফ্যাক্টর নির্ধারণ না হওয়ার কারণে কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। ডেনসিটি ফ্যাক্টর নির্ধারণের জন্য বিএসটিআই হতে বারবার জ্বালানী সচিব বরাবরে পত্র দেয়া হয়। ফলে জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বিগত ১৭-০৭-২০১৬, ২৭-০৭-২০১৬, ২৯-০৩-২০১৮ এবং ০৯-০৭-২০১৮ তারিখে মোট ০৪টি কমিটি গঠন

করে। প্রতি কমিটিকেই নির্ধারিত তারিখের মধ্যে রিপোর্ট প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়। কিন্তু কোন কমিটি এতদ্ সংক্রান্ত রিপোর্ট প্রদান করেনি। যার দরুন প্রকল্প বাস্তবায়িত হলেও এখনও প্রকল্পের মূল কার্যক্রম সিএনজি ফিলিং স্টেশনে ব্যবহৃত সিএনজি ডিসপেন্সিং ইউনিটের পরিমাপের সঠিকতা যাচাই কাজ শুরু করা যায়নি। ফলে প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি কাজে লাগানো যাচ্ছে না এবং প্রকল্পের সুফল পেতে বিএসটিআইএর বিলম্ব হচ্ছে।

১৩.২ প্রকল্পের অনুমোদিত আরডিপিপিতে ৫৮টি আসবাবপত্র ক্রয়ের বিবরণ থাকলেও বাস্তবে ৪৮টি আসবাবপত্র ক্রয় করা হয়েছে।

১৩.৩ **Sakeholder Analysis ও Exit Plan:** প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদির দীর্ঘমেয়াদে টিকিয়ে রাখা এবং বিএসটিআই এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে এই প্রকল্পটি ভূমিকা রাখতে পারতো। কিন্তু যথাযথ Stakeholder Analysis এবং Exit Plan না থাকায় প্রকল্পের output বিশেষত outcome প্রাপ্তি দীর্ঘায়িত হচ্ছে এবং জনগণ প্রকল্পসৃষ্ট সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।

১৩.৪ অডিট সম্পর্কিত: প্রকল্পের External অডিট করা হলেও Internal অডিট সম্পন্ন করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর এ কোন তথ্য উল্লেখ করা হয়নি।

১৪.০। সুপারিশ :

১৪.১। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য Stakeholder দের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে ডেনসিটি ফ্যাক্টর নির্ধারণসহ অন্যান্য জটিলতা নিরসন করতে হবে। সিএনজি ফিলিং স্টেশনে ব্যবহৃত সিএনজি ডিসপেন্সিং ইউনিটের পরিমাপের সঠিকতা যাচাই সংক্রান্ত প্রকল্পের মূল কার্যক্রম দ্রুত শুরু করতে সংশ্লিষ্ট সংস্থা এবং মন্ত্রণালয়কে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৪.২। প্রকল্পের অনুমোদিত আরডিপিপিতে ৫৮টি আসবাবপত্র ক্রয়ের বিবরণ থাকলেও বাস্তবে ৪৮টি আসবাবপত্র ক্রয় করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং আইএমইডিকে অবহিত করতে হবে;

১৪.৩। বিএসটিআই কর্তৃক চলমান ও ভবিষ্যতে গৃহিতব্য প্রকল্পে মেয়াদ ও ব্যয় বৃদ্ধি এবং সংশোধন প্রবণতা এড়াতে পরিকল্পনার পর্যায়েপ্রকল্পের কার্যাবলী Work Breakdown Structure(WBS) করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তির লক্ষ্যে ক্রিটিক্যাল পাথ মেথড (CPM/PERT) ব্যবহার করে সঠিকভাবে সময় ও ব্যয় প্রাক্কলন/ forecasting করে তাতে GANTT Chart এবং সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নের জন্য প্রকল্প কর্তৃপক্ষ, সংস্থা এবং মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

১৪.৪। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে যথাযথ Stakeholder Analysis এবং Risk Analysis করতে হবে যাতে প্রকল্পের Outcome প্রাপ্তি নিশ্চিত করা যায়;

১৪.৫। উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৪.১-১৪.৪) আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

Establishment of Chemical Metrology Laboratory (CML) at NML in BSTI (1st Revised) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৭)

১।	প্রকল্পের নাম	Establishment of Chemical Metrology Laboratory (CML) at NML in BSTI (1st Revised).
২।	প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ	শিল্প মন্ত্রণালয়।
৩।	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ স্টান্ডার্স এন্ড টেস্টিং ইনষ্টিটিউশন (বিএসটিআই)।
৪।	প্রকল্পের অবস্থান	বিএসটিআই প্রধান কার্যালয়, তেজগাঁও,ঢাকা।
৫।	প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২২৪.০০ -	২২৫৩.০০ -	২১৭৪.৯৮ -	জুলাই ২০১৩ হতে জুন ২০১৫	জুলাই ২০১৩ হতে জুন ২০১৬*	জুলাই ২০১৩ হতে জুন ২০১৭*	-	০২ বছর (১০০%)

* প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এক বছর মেয়াদ বাড়ানো হয়েছে।

** মূল প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রকৃত ব্যয় ৪৯.০২ লক্ষ টাকা (২.২%) কম এবং প্রকৃত বাস্তবায়ন মেয়াদ মূল পরিকল্পিত মেয়াদ হতে ২ বছর (১০০%) বেশী।

৬। প্রকল্পের অর্থায়নের উৎস: প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ২২৫৩.০০ লক্ষ টাকা। এর পুরোটিই জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৭। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Pay of officers	Nos	8.59	06	8.59	100%
Pay of Staff	Nos	10.58	05	10.58	100%
House Rent	Nos	10.51	11	7.84	74.60
Festival Allowance	Nos	3.81	11	3.81	100%
Medical Allowance	Nos	2.09	11	1.29	61.72
Charge Allowance	Nos	1.20	02	1.14	95.00%
Tiffin Allowance	Nos.	0.21	04	0.14	67.00%
Conveyance Allowance	Nos.	0.21	04	0.14	67.00%
Education Allowance	Nos.	0.40	11	0.00	0.00
Others Allowance	Nos.	10.97	11	10.78	98.26%
Postage	LS	0.50	LS	0.21	42.00%
Registration fee	LS	4.00	LS	3.00	75.00%
Gas & Fuel	LS	5.00	LS	3.88	77.60%
Bank/Bima Charge	LS	4.00	LS	3.81	95.25%

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Stationary & Seal	LS	3.50	LS	3.45	98.57%
Printing & Publication	LS	5.00	LS	4.68	93.60%
Pre Inspection	Nos	22.00	12	21.85	99.32%
Entertainment	LS	3.00	LS	1.80	60.00%
Honnarium	LS	8.00	LS	7.73	96.63%
Others Expenditure	LS	65.00	LS	61.76	95.01%
Repair, Maintenance and Rehabilitation	LS	2.00	LS	2.00	100.00 %
Sub Total Revenue	**-**	**170.57**	**LS**	**158.48**	**92.90 %**
Motor Vehicle,Double Cabin Pickup -	No.	45.00	1 no.	44.99	100%
Machineries & other equipment	nos	1536.00	113	1536.00	100%
Computer & Office Equipment	nos	4.35	6 nos	3.98	91.49%
Furniture	L.S	28.00	L.S	27.98	99.92%
Construction of office building	sqm	330.00	786.61 sqm	322.23	97.65%
CD-VAT	L.S	100.00	L.S	42.37	42.37%
Miscellaneous Capital	L.S	39.08	L.S	38.97	99.71%
Sub Total capital		**2082.43**	**-**	**2016.52**	**96.22 %**
Total (Revenue + Capital)	**-**	**2253.00**	**-**	**2175.00**	**96.54 %**

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ আলোচ্য প্রকল্পের আওতায় সমস্ত কাজ সম্পাদিত হয়েছে।

৯। সাধারণ পর্যবেক্ষণঃ

৯.১। প্রকল্পের পটভূমিঃ

কেমিক্যাল মেট্রোলজি ল্যাবরেটরী প্রতিষ্ঠিত হলে জনস্বার্থে খাদ্য নিরাপত্তা , স্বাস্থ্য পরিবেশ, পরিবেশ সুরক্ষা এবং দেশীয় শিল্প কারখানায় উৎপাদিত পণ্য সামগ্রীর গুণগত মান উন্নয়নের মাধ্যমে আর্ন্তজাতিক বাজারে দেশীয় পণ্যের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে , ফলে আমদানী হ্রাস ও রপ্তানী বৃদ্ধির মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে। এহেন উদ্দেশ্যেবিএসটিআই এর আওতায় আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) রাসায়নিক পরিমাপের ক্ষেত্রে ব্যবহৃত রেফারেন্স মেটারিয়াল উৎপাদন, উন্নয়ন ও প্রয়োগ;
খ) আর্ন্তজাতিক পরিমাপের ক্ষেত্রে সিস্টেম ইন্টারন্যাশনাল ইউনিট (মেট্রিক পদ্ধতি) প্রতিষ্ঠা করা, পদার্থের সঠিক পরিমাণ নির্ণয় এবং পরিমাপের ক্ষেত্রে অনিশ্চয়তা দূর করা;
গ) ১০তলা ভিত্তি বিশিষ্ট ভবনের ৬ষ্ঠ তলায় একটি আধুনিক মানের কেমিক্যাল মেট্রোলজি ল্যাবরেটরী স্থাপন করা

৯.৩। প্রকল্প অনুমোদন সংক্রান্ত তথ্যঃ

আলোচ্য প্রকল্পটি ২২২৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ হতে জুন ২০১৫ মেয়াদে বা স্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৩.০২.২০১৪ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ডিপিপিতে জনবলের বেতন ভাতা খাতে অর্থের সংস্থানকরণ ও বহিঃবিদ্যুতায়নের কাজ অর্ন্তভুক্তকরণের লক্ষ্যে বিবেচ্য ডিপিপির ১ম সংশোধন করা হয়। ১ম সংশোধিত ডিপিপি মূল অনুমোদিত ব্যয় হতে ১.৩% বৃদ্ধি করে ২২৫৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ হতে জুন ২০১৬

মেয়াদে বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রনালয় কর্তৃক গত ০৩/১১/২০১৫ তারিখে প্রশাসনিক অনুমোদন লাভ করে। পরবর্তিতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত অর্থাৎ ০১ বছর বৃদ্ধি করা হয়।

৯.৪ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ

ক্রঃ নং	নাম ও পদবী	পূর্ণ কালিন	খন্ড কালিন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কিনা	প্রকল্প পরিচালকের দায়িত্বের মেয়াদ
১।	জনাব মোঃ খলিলুর রহমান পরিচালক প্রশাসন	-	√	না	০৭-০৫-২০১৪ হতে ৩০-০৬-২০১৭

১০। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ:

১০.১ সমাপ্ত প্রকল্পের কার্যাবলী পর্যালোচনা ও মূল্যায়নের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক ৩১/১২/২০১৭ তারিখে বিএসটিআই এর প্রধান কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে প্রকল্পের পরিদর্শন কাজে সহায়তা করেন।

১০.২ প্রকল্প পরিচালক প্রকল্পের সার্বিক বিষয়ে অবহিত করতে গিয়ে বলেন, বিএসটিআইএর প্রাতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধির জন্যই 'Establishment of Chemical Metrology Laboratory (CML) at NML in BSTI (1st Revised)' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় ১০তলা ভিত্তি বিশিষ্ট ভবনের ৬ষ্ঠ তলায় একটি আধুনিক মানের কেমিক্যাল মেট্রোলজি ল্যাবরেটরী স্থাপন করে এতে রাসায়নিক পরিমাপের ক্ষেত্রে ব্যবহৃত রেফারেন্স মেটারিয়াল উৎপাদন, উন্নয়ন ও প্রয়োগ করা এবং আর্ন্তজাতিক পরিমাপের ক্ষেত্রে সিস্টেম ইন্টারন্যাশনাল ইউনিট (মেট্রিক পদ্ধতি) প্রতিষ্ঠা করা, পদার্থের সঠিক পরিমাণ নির্ণয় এবং পরিমাপের ক্ষেত্রে অনিশ্চয়তা দূর করার উদ্দেশ্যে প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এই প্রকল্পের আওতায় বিভিন্ন ধরনের যন্ত্রপাতি, ল্যবরেটরির ম্যাটেরিয়ালস, কাঁচামাল ক্রয় এবং স্থাপন করা হয়েছে।





আলোকচিত্র ১-২: ল্যাবরেটরী ভবনের ছয়তলায় নির্মিত CML ল্যাবরেটরী

১০.৩ পূর্ত কাজঃ ডিপিপিতে বিএসটিআই এর বিদ্যমান ভবনের উপরে একটি ফ্লোর নির্মাণ করে সেখানে ল্যাবরেটরী স্থাপনের সংস্থান রয়েছে। গণপূর্ত অধিদপ্তরের তত্বাবধানে ল্যাবরেটরী নির্মানের পূর্ত কাজ সম্পন্ন করা হয়েছে। বর্হি: বিদ্যুতায়নের বিভিন্নধর্মী ০৮ প্রকার কাজের মধ্যে পিডব্লিউডি (ই/ এম বিভাগ) কর্তৃক ০৭ প্রকার কাজ সম্পাদন করা হয়েছে। সেই সাথে Lift Vertical Extension এর কাজ সম্পাদন করা হয়েছে।




আলোকচিত্র ৩-৪: বিএসটিআই এর কর্মকর্তাসহ ল্যাবরেটরী পরিদর্শন চিত্র।

১০.৪ যন্ত্রপাতি: আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে প্রকল্পের Goods-1, Goods-2, ও Goods-3 প্যাকেজ এর আওতায় ৮০ প্রকার ল্যাব যন্ত্রপাতি সংগ্রহ করে installation করা হয়েছে।






আলোকচিত্র ৫-৮: প্রকল্পের আওতায় স্থাপিত বিভিন্ন টেস্টিং যন্ত্রপাতি।

১০.৫. আসবাবপত্রঃ আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিতব্য ল্যাবের জন্য একটি প্যাকেজের মাধ্যমে ডিপিপির সংস্থান মোতাবেক প্রয়োজনীয় আসবাবপত্র বিএফআইডিসি হতে সংগ্রহ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে দেখা যায়।

১০.৬. কম্পিউটার ও অফিস যন্ত্রপাতিঃ ল্যাবের জন্য প্রয়োজনীয় কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি একটি প্যাকেজের মাধ্যমে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে সংগ্রহ করা হয়েছে।

১০.৭. জনবল নিয়োগঃ প্রকল্পের আওতায় একজন ড্রাইভার ও ৬ জন কারিগরী কর্মকর্তা নিয়োগের সংস্থান ছিল। প্রকল্প বাস্তবায়নের শুরুতে গাড়ী ক্রয়ের সাথে সাথেই ড্রাইভার নিয়োগ করা হয়েছে। ৬জন কারিগরী কর্মকর্তা নিয়োগ প্র দান করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেন।

১১.০ অর্থ বছরভিত্তিক প্রকল্পের বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			আর্থিক ব্যয়		
	মোট	টাকা	প্র.সা.	মোট	টাকা	প্র.সা.
২০১৩-১৪	৯.০০	৯.০০	-	৮.৫৪	৮.৫৪	-
২০১৪-১৫	১৩৩২.০০	১৩৩২.০০	-	১২৭১.৭৫	১২৭১.৭৫	-
২০১৫-১৬	৯৭০.০০	৯৭০.০০	-	৭৬৯.১২	৭৬৯.১২	-
২০১৬-১৭	১৪৬.০০	১৪৬.০০	-	১২৫.৫৯	১২৫.৫৯	-
মোট	২৪৫৭.০০	২৪৫৭.০০	-	২১৭৫.০০	২১৭৫.০০	-

১২. প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্য :

ক্র: নং	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি মূল্য (টাকা)	চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ	বাস্তবে কার্য সম্পাদনের তারিখ	ঠিকাদারের নাম
০১	ডাবল কেবিন পিকআপ ক্রয়	১৮.০৯.২০১৪	১৩.১১.২০১৪	৪৪৯৯০০০.০০	২৭.১১.২০১৪	২৭.১১.২০১৪	মেসার্স র্যাং স লিঃ , তেজগাও, ঢাকা
০২	যন্ত্রপাতি Goods-1 ক্রয়	৩০.১২.২০১৪	০৯.০৬.২০১৫	৫৫১২৫৮৩৯.০০	২২.০৩.২০১৬	০৪.০৩.২০১৬	M/S SHIMADZU (Asia Pacific), PTE Ltd, Singapore
০৩	যন্ত্রপাতি Goods-2 ক্রয়	২৪.১২.২০১৪	১৮.০৫.২০১৫	৫৩৩৪৮৩১৩.৭	৩০.১২.২০১৫	১০.১২.২০১৫	M/S SHIMADZU (Asia Pacific), PTE Ltd, Singapore
০৪	যন্ত্রপাতি Goods-3 ক্রয়	৩০.১২.২০১৪	৩১.০৫.২০১৫	৪৩৮৯২৬৪৩.৪	৩০.১২.২০১৫	১৫.১২.২০১৫	M/S RITCHMEN(S) PTE Ltd, Singapore.
০৫	আসবাবপত্র ক্রয়	০৩.০৩.২০১৬	১০.০৩.২০১৬	১৮৮৭৬৮৮.০০	১০.০৩.২০১৬	১৪.০৪.২০১৬	বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, তেজগাও, ঢাকা

প্রকল্পের ক্রয়সংক্রান্ত তথ্যসমূহ বিশ্লেষনে দেখা যায় যে, ক্রয় প্রক্রিয়ায় পরিকল্পনা অনুযায়ী পূর্ত নির্মাণ ও পণ্য ক্রয় করা হয়েছে। দৈবচয়নের ভিত্তিতে আসবাবপত্র ক্রয় সংক্রান্ত প্যাকেজের নথিটি পর্যালোচনা করে দেখা হয়, যাতে পিপিআর ২০০৮ এর নিয়মানুযায়ী বাংলাদেশ বনশিল্প কর্পোরেশনের কাছ থেকে আসবাব পত্র ক্রয় করা হয়েছে মর্মে পরিলক্ষিত হয়।

১২.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

উদ্দেশ্য	অর্জন
রাসায়নিক পরিমাপের ক্ষেত্রে ব্যবহৃত রেফারেন্স মেটারিয়াল উৎপাদন, উন্নয়ন ও প্রয়োগ করা।	মান ব্যবস্থাপনা ব্যবস্থার উন্নয়ন , পণ্যগুলি মান ও সম্মতি মূল্যায়নে র লক্ষ্যে, আন্তর্জাতিক মানের সরঞ্জামসমূহ বিএসটিআই ন্যাশনাল মেট্রোলজি ল্যাবরেটরি (এনএমএল) স্থাপন করেছে। রাসায়নিক পরিমাপের ক্ষেত্রে ব্যবহৃত রেফারেন্স মেটারিয়াল উৎপাদন, উন্নয়ন ও প্রয়োগ করার সুযোগ সৃষ্টি হয়েছে। ফলস্বরূপ, আন্তর্জাতিক পরিমন্ডলে এবং দেশীয় বাণিজ্যের ক্ষেত্রে যোগসূত্র প্রতিষ্ঠিত হয়েছে মর্মে প্রকল্প কার্যালয় হতে জানা গেছে।
আর্ন্তজাতিক পরিমাপের ক্ষেত্রে সিস্টেম ইন্টারন্যাশনাল ইউনিট (মেট্রিক পদ্ধতি) প্রতিষ্ঠা করা, পদার্থের সঠিক পরিমাণ নির্ণয় এবং পরিমাপের ক্ষেত্রে অনিশ্চয়তা দূর করা	এনএমএল প্রতিষ্ঠার মাধ্যমে সরকার ও বেসরকারী খাতে উৎসাহ সৃষ্টি হয়েছে এবং তাদের সরঞ্জামের জন্য সেবা প্রদান করা হচ্ছে। এত পণ্যের মান উন্নত হচ্ছে এবং টিবিএস এবং এসপিএস সরানো র মাধ্যমে অনিশ্চয়তা দূর করা হয়েছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ জানান।
১০তলা ভিত্তি বিশিষ্ট ভবনের ৬ষ্ঠ তলায় একটি আধুনিক মানের কেমিক্যাল মেট্রোলজি ল্যাবরেটরী স্থাপন করা ;	এই প্রকল্পের মাধ্যমে ভবনের ৬ষ্ঠ তলায় একটি আধুনিক ল্যাব প্রতিষ্ঠার অবকাঠামোগত দূর্বলতা কমেছে। এই প্রকল্পের মাধ্যমে বিএসটিআই মান সম্মত আন্তর্জাতিক প্র্যাকটিসের সঙ্গে সংগতিপূর্ণ মান, পরিমাপ এবং মান নিয়ন্ত্রণ জন্য আইনি কাঠামো সৃষ্টির মাধ্য মে শক্তিশালী হয়েছে। বাংলাদেশে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড ও কনজিউমার এসোসিয়েশন আরও শক্তিশালী হয়েছে। এই দুটি সংস্থা স্টেকহোল্ডার এবং সাধারণ মানুষদের মধ্যে সচেতনতা সৃষ্টি করে মানসম্মত পণ্য সরবরাহ করতে সহায়তা করে বলে প্রকল্প কর্তৃপক্ষ অবহিত করেন।

১৩.০. পর্যালোচনাঃ

১৩.১. **জনবল সমস্যাঃ** প্রকল্পের আওতায় নির্মিতব্য ল্যাবের জন্য ০৬ জন কারিগরী কর্মক র্তার মধ্যে ০৪ জন আমদানীকৃত আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের উপর প্রশিক্ষণ ও প্রয়োজনীয় দক্ষতা অর্জন করেন। কিন্তু প্রকল্প সমাপ্ত হওয়ার পর কর্মকর্তার চাকুরী নেই। ফলে ল্যাবটি পরিচালনার জন্য জনবল সংকট রয়ে গেছে। অর্থ ব্যয়ের মাধ্যমে অত্যাধুনিক ল্যাব প্রতিষ্ঠার সুফল পুরোপুরিভাবে পাওয়া যাচ্ছে না।

১৩.২. **প্রশিক্ষণ প্রদানঃ** প্রকল্পের আওতায় ১৫৩৬.০০ লক্ষ টাকা ব্যয়ে ৮০ ধরনের উন্নতমানের সংবেদনশীল যন্ত্রপাতিগুলো স্থাপন এবং জনবল নিয়োগ প্রদান করে এগুলো পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবলকে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।

১৩.৩. **Exit Plan ও Sustainability:** প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদির দীর্ঘমেয়াদে টিকিয়ে রাখা এবং বিএসটিআই এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে এই প্রকল্পটি ভূমিকা রাখতে পারতো। কিন্তু সঠিক Exit Plan না থাকায় জনবল সংকটসহ অন্যান্য সমস্যা দেখা দিয়েছে।

১৩.৪ অডিট সম্পর্কিত: প্রকল্পের External অডিটকরা হলেও Internal অডিট সম্পন্ন করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর এ কোন তথ্য উল্লেখ করা হয়নি।

১৪.০। সুপারিশঃ

১৪.১। বিএসটিআই কর্তৃক চলমান ও ভবিষ্যতে গৃহিতব্য প্রকল্পে মেয়াদ ও ব্যয় বৃদ্ধি এবং সংশোধন প্রবণতা এড়াতে পরিকল্পনার পর্যায়েপ্রকল্পের কার্যাবলী Work Breakdown Structure(WBS) করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তির লক্ষ্যে ক্রিটিক্যাল পাথ মেথড (CPM/PERT) ব্যবহার করে সঠিকভাবে সময় ও ব্যয় প্রাক্কলন/ forecasting করে তাতে GANTT Chart এবং সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ও কার্যকর পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে প্রকল্প কর্তৃপক্ষ, সংস্থা এবং মন্ত্রণালয় নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম গ্রহণ করবে;

১৪.২। প্রকল্পের আওতায় নির্মিত ল্যাব পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল সংকট নিরসনে বিএসটিআইকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে অন্যথায় ল্যাব নির্মানের উপকারিতা প্রাপ্তিতে আরো বিলম্ব ঘটবে;

১৪.৩। ক্রয়কৃত যন্ত্রপাতিগুলো পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবলকে (প্রতিটি যন্ত্রের জন্য ন্যূনতম ০৩ জনকে) প্রশিক্ষণ প্রদান করতে হবে;

১৪.৪। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের Sustainabilty'র বিষয়টি বিবেচনায় রেখে যথাযথ Exit Plan বাস্তবায়ন করা যায়;

১৪.৫। উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৪.১-১৪.৪) আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বিসিক শিল্প নগরী মিরসরাই (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত :৩০ জুন ২০১৭ ইং)

১। প্রকল্পের নাম : বিসিক শিল্প নগরী মিরসরাই (২য় সংশোধিত)

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয়

৩। বাস্তবায়ন সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

৪। প্রকল্পের বাস্তবায়ন সময়কাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বমোট টাকা (বৈ:মু:)	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২৯৪.০০	২৯৯৫.২০	২৬০০.২৮	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭	১৩৩%	১৩%

৫। প্রকল্পের অবস্থান : মৌজা: পূর্ব মগদিয়া, উপজেলা: মিরসরাই, জেলা: চট্টগ্রাম, বিভাগ: চট্টগ্রাম।

৬। প্রকল্পের অর্থায়ন: জিওবি।

৭। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: পিসিআর অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি

ক্রমিক নং	কোড নং	প্রধান আইটেম/অংগভিত্তিক কার্যক্রম	পরিমান	লক্ষ্য মাত্রা		প্রকৃত অগ্রগতি %		পার্থক্যের কারণ
				আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
ক)		রাজস্ব						
১.	৪৮০১	ট্রাভেলিং	থোক	১০.০০	থোক	৯.৯৮৭	থোক	
২.	৪৮১১	ভুমি কর	থোক	৭.৩৫	থোক	৩.২০২	থোক	
৩.	৪৮১৫	পোষ্টেজ	থোক	০.৫০	থোক	০.১০১	থোক	
৪.	৪৮১৬	টেলিফোন	থোক	০.৫০	থোক	০.৩১৫	থোক	
৫.	৪৮১৭	টেলেক্স/ফেক্স	থোক	০.৩০	থোক	০.০০	থোক	
৬.	৪৮২১	ইলেকট্রিসিটি	থোক	০.৫০	থোক	০.০০	থোক	
৭.	৪৮২৩	পেট্রোল এবং লুবরিকেন্ট	থোক	৩.০০	থোক	০.৫৪৯	থোক	
৮.	৪৮২৭	প্রিন্টিং এবং পাবলিকেশন	থোক	৫.০০	থোক	০.৫৬১	থোক	
৯.	৪৮২৮	স্টেশনারী	থোক	৬.০০	থোক	৩.৫৪৮	থোক	
১০.	৪৮৩৩	পাবলিসিটি এবং এডভার্টাইজমেন্ট	থোক	৬.০০	থোক	৫.৭৫৯	থোক	
১১.		অন্যান্য খরচ এবং ইন্টারটেন্টমেন্ট মিটিং	থোক	১.০০	থোক	১.০০	থোক	
১২.	৪৮৭৯	কনসালটেন্ট আইইই/ইআইএ	১	৩.৮০	১	৬.৯৫৯	১	
১৩.	৪৮৮৭	ডুপলিকেট কপি	থোক	১.৫০	১	৬.৯৫০	১	
১৪.	৪৮৯৯	অন্যান্য (মিসলিনিয়াস)	থোক	-	থোক	-	থোক	
১৫.		সিকিউরিটি এরেন্জমেন্ট এবং অন্যান্য (মিসলিনিয়াস)	থোক	১৩.৫২	থোক	২.৯৩২	থোক	
১৬.	৪৯০০	রিপিয়ারিং মটর সাইকেল এবং কম্পিউটার	থোক	১.০০	থোক	০.৩২১	থোক	
১৭.		মোট (সাপ্লাই এবং সার্ভিসিং)	থোক	৫৯.৯৭	থোক	৩৫.৮২৩	থোক	
খ)		মূলধন						

ক্রমি	কোড	প্রধান আইটেম/অংগভিত্তিক	পরিমান	লক্ষ্য মাত্রা		প্রকৃত অগ্রগতি %		পার্থক্যের
১৮.	৬৮০৭	মটর ভে হিকেল (মটর সাইকেল নং-১)	সংখ্যা	১.৫০	১	১.৪০৬		
১৯.	৬৮১৫	কম্পিউটার এবং এক্সসোরিস ১ কপি	সংখ্যা	০.৮০	১	০.৭৯৮		
	৬৮১৯	অফিস ইকুইপমেন্ট						
২০.		i) টেলিকমিউনিকেশন ২ সেট	সংখ্যা	০.৪০	২ সেট	০.০২	২ সেট	
		ii) ইলেকট্রিক্যাল থোক	থোক	১.০০		০.০০		
২১.	৬৮২১	আসবাবপত্র	সংখ্যা	৩.০০	লট	২.৯৯৮	লট	
২২.	৬৮৪৫	প্লান্টেশন (৮০০ ট্রিস)	সংখ্যা	২.০০	৮০০	২.০০	৮০০	
২৩.		মিসলেনিয়াস (ফটোকপিয়ারস) ১ সেট	১ সেট	১.৫০	১ সেট	১.৩২৮	১ সেট	
২৪.	৬৯০১	ভূমি অধিগ্রহণ	ব.মি.	১১২৯.৬৬	১৫.৩২	১১২৯.৬৬	১৫.৩২	
২৫.	৭০০১	ল্যান্ড ডেভোলপমেন্ট	ব.মি.	১৮৭০৫৩.৮৬	৪৫৪.৭৭	১৮৭০৫৩.৮৬	৪৩৭.৩৫৮	
২৬.	৭০০৬	i)অফিস ব্লিডিং	ব.মি.	৬৩.৩৪	৩৭৫	৫৮.৪৩	৩৭৫	
২৭.		ii) ওয়াটার টেংক	সংখ্যা	২.৮৪	১	২.৭০	১	
২৮.		iii) রেইন ওয়াটার রেভোলেশন	গ্যালন	১.৪২	১	১.৩৫	১	
২৯.	৭০১৬	i) ইন্টারনাল রোড	ব.মি.	৮৪৭৪.৩৫	৩৪০.৫০	৮৪৭৪.৩৫	২৫৭.১৪৮	
৩০.		ii) রোড সোলডারিং	ব.মি.	২৪৬২.৮৩	২৬.৬৫	২০.১৪	২৪৬২.৮৩	
৩১.		iii) ডিপ টিউব ওয়েল উইথ সাবমারসিবল পাম্প এবং পাম্প হাউজ	সংখ্যা	৩০.০০	১	৫৫.২৫৮	১	
৩২.		ইলেকট্রিক লাইন	মিটার	৯০.৭৫	২৭৫০	৯০.৪৭৮	২৭৫০	
৩৩.		ট্রান্সফমার	সংখ্যা	৩৬.৪০	৪	৯০.৪৭৮	২৭৫০	
৩৪.		সোলার প্যানেল	সংখ্যা	১২.৯৯	থোক	১২.৯১৫	থোক	
৩৫.		গ্যাস লাইন	মিটার	১০১.০২	২৮৩৪	১০০.৮৭২	২৮৩৪	
৩৬.		ডিআরএস	সংখ্যা	১৪০.০০	-	-	-	
৩৭.		পাম্প ড্রাইভার কোয়াটার	ব.মি.	১১.৫৬	৯৩	১০.৬৬৯	৯৩	
৩৮.		বাউন্ডারি ওয়াল অফ আদমিন জোন এবং পাম্প ড্রাইভার কোয়াটার	মিটার	১৪.৭৫	২১৪	১৪.১৫১	২১৪	
৩৯.		মেইনগেট	সংখ্যা	১২.০০	২	১১.৩৬১	২	
৪০.		এমএস গেট	ব.মি.	১.৩২	১৬.৪৬	১.৩২	১৬.৪৬	
৪১.	৭০৪১	মেইন ড্রেইন	মিটার	৯৭.৪৫	৯৭২.৮৭	৮৯.৭৮৯	৯৭২.৮৭	
৪২.		সাব ড্রেইন	মিটার	১৩৯.২৯	১৮০৭.৮৫	১০৭.৬৯৪	১৮০৭.৮৫	
৪৩.		আউট লেট ড্রেইন	মিটার	৫২.০১	৪৫০	২০.০০	৪৫০	
৪৪.		কালভার্ট/ক্রস ড্রেন	সংখ্যা	৫৪.৩২	১১	৪৪.০০৪	১১	
	৭০৮১	অন্যান্য						
৪৫.		সয়েল টেস্টিং ফর বিলডিং	সংখ্যা	১.০০	১	০.৯৮৫	১	
৪৬.		সয়েল টেস্টিং /ইনক্লুডিং ১ ভূমি সার্ভে	সংখ্যা	২১.০০	৬	২০.৮৯৬	৬	
		কনন্টেনজেন্সি						
৪৭.	৭৯৮০	i) ফিজিক্যাল কনন্টেনজেন্সি	থোক	২৭.৯৫	৯৯%	-	৯৯%	

ক্রমি	কোড	প্রধান আইটেম/অংগভিত্তিক	পরিমান	লক্ষ্য মাত্রা		প্রকৃত অগ্রগতি %		পার্থক্যের
		১%						
		ii) প্রাইস কনন্টেনজেন্সি ১%	থোক	২৮.০০	৯৮%	-	৯৮%	
		মোট মূলধন				২৫৬৪.৪৫৩		
		সর্বমোট (রাজস্ব+মূলধন)		২৯৯৫.২০		২৬০০.২৭৭		

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রযোজ্য নয়

৮। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :

৮.১। প্রকল্পের পটভূমি :

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি গুরুত্বপুর্ণ সংস্থা। এই সংস্থাটি দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপন করে গুরুত্ব পূর্ণ ভূমিকা পালন করে থাকে। উন্নয়নশীল দেশে শিল্প নগরী স্থাপনের প্রধান বিষয় হচ্ছে শিল্পের স্থাপনা /অবকাঠামো নির্মাণ করে এ সেক্টেরের উন্নয়ন করণ।ফলে , ১৯৬০ সন হতে বিসিক দেশের বিভিন্ন স্থানে মাটি ভরাট ,অভ্যন্তরীন রোড নেটওর্য়াক ,ড্রেনেজ,বিদ্যুৎ ও গ্যাস লাইন সংযো গ, রেইনওয়াটর প্রিজারভেশন রিজারর্ভার ,সোলার প্যানেল স্থাপন করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপন করার গুরুত্বপূর্ণ দায়িত্বপালন করে আসছে। এর মাধ্যমে বাংলাদেশে শিল্পায়নের পথে দ্রুত এগিয়ে যাচ্ছে। বর্তমান সরকার এর গুরুত্ব অনুধাবন করে দেশের শিল্প প্লট নির্মাণে দেশের জনগনের চাহিদা মিঠানোর জন্য ক্ষুদ্র ও মাঝারি কুটির শিল্প নির্মাণ করে শিল্প নগরী স্থাপন করছে। বর্তমান সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা -চট্টগ্রাম হাইওয়ের পাশে প্রস্তাবিত “বিসিক শিল্প নগরী মিরসরাই স্থাপন” করার জন্য সাইট সিলেক্ট করা হয়।

বিসিক শিল্প নগরী মিরসরাই মৌজা: পূর্ব মগদিয়া, উপজেলা: মিরসরাই, জেলা: চট্টগ্রাম, বিভাগ: চট্টগ্রামে অবস্থিত। এই শিল্প ইউনিটটি ঢাকা-চট্টগ্রাম হাইওয়ের পাশে চট্টগ্রাম থেকে ৬০ কিমি দূরে সহজে যোগযোগের জন্য খুবই গুরুত্বপূর্ণ ।

“বিসিক শিল্প নগরী মিরসরাই ” পরিকল্পনা কমিশনে ২০/০৭/২০১০ সালে এবং শিল্প মন্ত্রণালয়ে ২৯/০৭/২০১০ সালে অনুমোদন লাভ করে। প্রকল্পটির জুলাই ২০১০ থেকে জুন ২০১৩ অর্থ বছরের জন্য প্রাক্কলিত ব্যয় ধরা হয় ২২৯৪.০০ লক্ষ টাকা। ১ম সংশাধনীতে প্রাক্কলিত মূল্য ছিল ২৪৯৫.০০ লক্ষ টাকা এবং ২য় সংশোধনীতে প্রাক্কলিত ব্যয় ধরা হয় ২৯৯৫.২০ লক্ষ টাকা। ১ম সংশোধনীর মেয়াদকাল ২০১০ থেকে জুন ২০১৪ পর্যন্ত, ২য় সংশোধনীর মেয়াকাল ২০১৪ থেকে জুন ২০১৬ পর্যন্ত ছিল। পরে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্বি করা হয় জুন ২০১৭ ইং পর্যন্ত।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য: ১) ১৫.৩২ একর ভূমি অধিগ্রহণ করে ৮৮ টি শিল্প প্লট নির্মাণ করে স্থানীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্পের চাহিদা পূরণ;

২) মাটি ভরাট ,অভ্যন্তরীন রোড নেটওর্য়াক ,ড্রেনেজ,বিদ্যুৎ ও গ্যাস লাইন সংযোগ, রেইনওয়াটর প্রিজারভেশন রিজারর্ভার ,সোলার প্যানেল স্থাপন করে ৮৮ ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপন;

৩) ৮৮ টি ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপন করে এলাকার দারিদ্রতা দুরীকরণ; এবং

৪) শিল্প কার্যক্রম চালু করার মাধ্যমে ৫০০০ লোকের চাকুরীর সুবিধার মাধ্যমে দেশের জিডিপিতে অবদান রাখা ও অর্থনৈতিক উন্নয়ন করণ।

৯। প্রকল্প অনুমোদন :

প্রকল্পের মূল ডিপিপি প্লানিং কমিশন কর্তৃক ২০/০৭/২০১০ তারিখে অনুমোদন লাভ করে এবং ২৯/০৭/২০১০ ইং তারিখে শিল্প মন্ত্রণালয় থেকে অনুমোদন লাভ করে;১৫/০২/২০১২ তারিখে শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১ম সংশোধন করা হয়। গত ০৬/০৯/২০১৫ তারিখে প্লানিং কমিশনে মাননীয় প্রধান মন্ত্রীর সভাপতিত্বে একনেক কর্তৃক ২য় সংশোধনী অনুমোদন লাভ করে এবং ২৭/০৯/২০১৫ তারিখে শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। এবং, সর্বশেষ গত ২৫/১০/২০১৬ তারিখে শিল্প মন্ত্রণালয় কর্তৃক ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে সময় বৃদ্ধি করা হয় জুন ২০১৭ পর্যন্ত।

১০। প্রকল্পের সার্বিক অগ্রগতি **:** সার্বিক ফিজিক্যাল অগ্রগতি ৯৫.৩৩% এবং আর্থিক অগ্রগতি ৮৬.৮৫%।

খ) সংশোধিত এডিপি বরাদ্দ ও অগ্রগতি

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষমাত্রা				অর্থ ছাড়	ব্যয় ও ভৌত অগ্রগতি			
	মোট	টাকা	পি এ	ভৌত (%)		মোট	টাকা	পি এ	ভৌত (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১০-১১	১২৭৫.০০	১২৭৫.০০	-	২৯.৩৯	১২৭৫.০০	১১৪৩.৩৬	১১৪৩.৩৬	-	-
২০১১-১২	১৮৪.০০	১৮৪.০০	-	৪.২৪	১৮৪.০০	১৭৮.৮৫	১৭৮.৮৫	-	-
২০১২-১৩	৬৮.০০	৬৮.০০	-	১.৫৭	৬৮.০০	৫৯.১১	৫৯.১১	-	-
২০১৩-১৪	৬৫০.০০	৬৫০.০০	-	১৪.৯৮	৩২৫.০০	৩২.২৩	৩২.২৩	-	-
২০১৪-১৫	-	-	-	-	-	-	-	-	-
২০১৫-১৬	১১৬০.০০	১১৬০.০০	-	২৬.৭৪	৫৮০.০০	৫৮০.০০	৫৮০.০০	-	-
২০১৬-১৭	১০০১.০৯	১০০১.০৯	-	২৩.০৮	৬৮৮.০০	৬০৬.৭৩	৬০৬.৭৩	-	-
মোট	৪৩৩৮.০৯	৪৩৩৮.০৯	-	১০০	৩১২০.০০	২৬০০.২৭৭	২৬০০.২৭৭	-	৯৫.৩৩

১১। প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়া :

প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়ায় মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) উপর ভিত্তি করে এবং মূল ডিপিপি অনুসরণ করে বাস্তবায়িত বিভিন্ন রাস্তা, বিল্ডিং ,প্লটের পরিমান,ড্রেন, সাব-ড্রেন, কালভার্ট, আউট-লেট,প্রটেকশন ওয়াল,গেট,ইত্যাদি প্রকল্প এলাকায় সরেজমিনে পর্যবেক্ষণ,ফিতা দ্বারা মাপ দেয়া, শাবল দিয়ে রাস্তার সার্পেজ লেয়ার, সাব সার্পেজ, বেজ গর্ত করে মেটেরিয়াল পর্যবেক্ষন হয়। নির্মিত প্রশাসনিক ভবন, ও পাম্প ড্রাইভারের কোয়াটার শাবল দিয়ে ভেঙ্গে ব্যবহৃত মেটেরিয়ালের কোয়ালিটি পর্যবেক্ষণ করা হয়। এ ছাড়া সরে জমিনে সম্পূর্ণ এলাকা ঘুরে প্রত্যেকটি স্থাপনা ডিপিপি অনুসারে হয়েছে কিনা যাচাই করা হয়।

১২। প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণ :

পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাসতবায়ন,পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের নিয়মিত পরিদর্শনের অংশ হিসেবে পরিচালক (উপসচিব) জনাব মো: আমিনুল হক গত ০৯/০৮/২০১৮ইং তারিখে বিসিক শিল্পনগরী মিরসরাই প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মূল্যায়নের জন্য পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক জনাব কৃষ্ণ কুমার আচার্য্য ও বিসিক আঞ্চলিক অফিস চট্টগ্রামের নির্বাহী প্রকৌশলী জনাব আবদুল কাদের এবং ঠিকাদার প্রতিনিধি উপস্থিত থেকে প্রকল্পের বিভিন্ন কর্মকান্ড অগ্রগতি সর্ম্পকে অবহিত করেন।

১২.১ প্রকল্প এলাকার পরিমান

ডিপিপি অনুসারে ১৫.৩২ একরের বিসিক শিল্প নগরীতে সকল ভৌত অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হয় ।

১২.২ প্রশাসনিক ভবন কাম আবাসিক ভবন

প্রকল্প এলাকাটি ঢাকা-চট্টগ্রাম হাইওয়ের পূর্ব পাশে অবস্থিত। ফলে বিসিক শিল্প নগরী মিরসরাই এলাকায় হাইওয়ে এপ্রোচ রোড দিয়ে প্রবেশ পথের বামদিকে দ্বিতল প্রশাসনিক ভবন কাম ইউনিট প্রধানের আবাসিক ভবন নির্মাণ করা হয়। এর চারদিকে আরসিসি-র ওয়াল ও এর গেট এমএস লোহার পাইপ দিয়ে নির্মাণ করা হয়েছে। নিচ তলায় ইউনিট প্রধান ও তাঁর অন্যান্য কর্মকর্তাদের জন্য রুম নির্মাণ করা হয়েছে। একজন হিসাব রক্ষক, প্রকৌশলীসহ অন্যান্য অফিসিয়ালদের রুমের ব্যবস্থা রয়েছে। উপর তলায় অফিস প্রধানের আবাসিক ব্যবস্থা করা হয়েছে (চিত্র ৫)।

১২.৩ পাম্প ড্রাইভারের কোয়াটার ও সার্বমার্সিবল পাম্প হাউজ

প্রশাসনিক ভবন কাম আবাসিক ভবনের বাম দিকে ওয়ালের সাথে ১ তল বিশিষ্ট পাম্প ড্রাইভারের কোয়াটার ও সার্বমার্সিবল পাম্প হাউজ নির্মাণ করা হয়েছে। মূলত: এটি সাবমার্জিবল ওয়াটার পাম্প হাউজ। এর অভ্যন্তের অন্য একটি বিল্ডিং নির্মাণ করা হয় পাম্প হাউজ ড্রাইভারের কোয়াটার হিসেবে। আরডিএ, বগুড়া থেকে এ সার্বমার্সিবল ওয়াটার পাম্প ক্রয় কর হয়। এই ব্লকটি ও আরসিসির দ্বারা চারদিক ওয়াল নির্মিত। এমএস পাইপ দিয়ে এর গেট তৈরি করা হয়। পাম্প ড্রাইভারের কোয়াটার এবং

সাবমার্সিবল পাম্প,মটর সহ ৬ ইঞ্চি ডায়ামিটারের ডিপ টিউবওয়েল পাম্প হাউজ নির্মাণ করা হয়। চর্তুদিকে আরসিসি ওয়াল নির্মাণ করা হয় (চিত্র ১০)।

১২.৪ এপ্রোচ রোড (৬০ ফুট চওড়া)

বিসিক শিল্প নগরী মিরসরাইর দু'পাশ দিয়ে দু'টি এপ্রোচ রোড নির্মাণ করা হয়। একটি ঢাকা-চট্টগ্রাম হাইওয়ের পাশ দিয়ে ৬০ ফুট চওড়া রোড। এটি ২০ ফুট চওড়া বিটুমিন দ্বারা নির্মিত পাকা এপ্রোচ রোড হাইওয়ে হতে সরাসরি বিসিক শিল্প নগরীর অভ্যন্তর পর্যন্ত। রোডের পাশে HBB সহ সোল্ডারিং করা হয়েছে ক্রমান্বয়ে ঢালু করে। অপরটি বাম দিকে জেলা রোডের সাথে সংযুক্ত। এটি ৪০ ফুট চওড়া সড়কের ১৬ ফুট চওড়া বিটুমিন দ্বারা তৈরি। রোডের পাশে HBB সহ সোল্ডারিং করা হয়েছে ক্রমান্বয়ে ঢালু করে।

বিশেষ প্রয়োজনে চলাচলের সুবিধার জন্য এই রাস্থা ব্যবহার করা যাবে। (চিত্র ১,২,৩,ও ৪)।

১২.৫ ইন্টেরিয়র রোড (৩০ ফুট চওড়া)

শিল্প নগরীর অভ্যন্তের ৩০ ফুট চওড়া সড়কে বিটুমিন দ্বারা তৈরি ইন্টেরিয়র সড়ক । রোডের পাশে HBB সহ সোল্ডারিং করা হয়েছে ক্রমান্বয়ে ঢালু করে। এবং প্রত্যেক রোডের দু'পাশে ৩ ফুট চওড়া আরসিসির নির্মিত ড্রেন রয়েছে। এই ড্রেন গুলোর সাব ড্রেন ও রয়েছে। ইন্টেরিয়র সড়কগুলোর মাঝখান উঁচু (চিত্র ১৩ ও ১৬)।

১২.৬ বিসিক শিল্প নগরী মিরসরাইর প্রবেশ গেট

বিসিক শিল্প নগরী মিরসরাইর দু'পাশ দিয়ে দু'টি এপ্রোচ রোড নির্মাণ করা হয়। একটি ঢাকা-চট্টগ্রাম হাইওয়ের পাশে এখানে একটি আরসিসি দ্বারা বিসিক শিল্প নগরীর মনোগ্রামসহ প্রবেশ গেট নির্মাণ করা হয়। অপরটি জেলা সড়কের সাথে সংযুক্ত এপ্রোচ সড়কের মধ্যে আরসিসি দ্বারা বিসিক শিল্প নগরীর মনোগ্রামসহ নির্মাণ করা হয়। অনেক দূর থেকে গেট গুলো দৃশ্যমান (চিত্র ১,২,৩ ও ৪)।

১২.৭ প্রধান ড্রেন ও সাব-ড্রেন

শিল্প নগরীর অভ্যন্তের ৩০ ফুট চওড়া সড়কের পাশে বিটুমিন দ্বারা তৈরি ইন্টেরিয়র সড়ক । রোডের পাশে HBB সহ সোল্ডারিং করা হয়েছে ক্রমান্বয়ে ঢালু করে। এবং প্রত্যেক রোডের দু'পাশে ৩ ফুট চওড়া আরসিসির নির্মিত ড্রেন রয়েছে। এই ড্রেন গুলোর সাব ড্রেন ও রয়েছে। ড্রেনগুলোর মধ্য দিয়ে প্রত্যেক প্লটের পানি সহজে প্রবাহিত হয়ে আউটলেটের মাধ্যমে ওয়াটার ক্যানেলে নিস্ব:রিত হতে সক্ষম দৃশ্যমান (চিত্র ১৩ ও ১৬)।

১২.৮ প্রধান আউটলেট উইথ চ্যানেল

প্রতিটি প্লট থেকে প্রবাহিত পানি ইন্টেরিয়র রোডের দু'পাশে ৩ ফুট চওড়া আরসিসির নির্মিত ড্রেন দিয়ে সহজে আউটলেট দিয়ে বের হতে পারবে। প্রথমে এই ড্রেন গুলো দিয়ে পানি প্রবাহিত হয়ে পরে সাব ড্রেনের মাধ্যেম ধীরে ধীরে আউটলেট দিয়ে ওয়াটার ক্যানেলে নিস্ব:রিত হতে সক্ষম। আউটলেট গুলো আরসিসি দ্বারা নির্মিত। এবং একটি প্রধান আউটলেট দিয়ে পানি সহজে দ্রুত ক্যানেল আউটলেট দিয়ে বের হয়ে যেতে সক্ষম দৃশ্যমান (চিত্র ১১ ও ১২)।

১২.৯ কালভার্ট

ইন্টেরিয়র সড়ক ও আউটলেট এর সংযোগ স্থলে চলাচলের জন্য বড় বড় ২টি কালভার্ট আরসিসি ঢালাই দ্বারা নির্মাণ করা হয়।

শিল্প নগরীর অভ্যন্তের চলাচলের জন্য কালভার্টগুলি খুব গুরুত্বপূর্ণ। কালভার্টগুলি ১০ ফুট চওড়া ও ১৬ ফুট লম্বা। এ কালভার্টগুলোর উপরদিয়ে সহজে গাড়ি চলাচল করতে সক্ষম দৃশ্যমান (চিত্র ১১ ও ১৩)।

১২.১০ খালের পাশে প্রটেকশন ওয়াল

বিসিক শিল্প নগরীর জেলা সড়কের সাথে প্যারালালভাবে একটি খরস্রোতা খাল রয়েছে। এটির পানি মাঝে মাঝে শিল্প নগরীর দিকেপাড়ে আঘাত করে মাটি ধ্বস করে। ফলে ও খালের সাথে খুব শক্তভাবে একটি আরসিসি প্রটেকশন ওয়াল নির্মাণ করা হয়। এইওয়ালটি খুব শক্ত করে নির্মার্ণ করায় শিল্প নগরীর মাটি ধ্বসের আর সম্ভাবনা নেই দৃশ্যমান ।

১২.১১ পল্লী বিদ্যুতের লাইন ও বৈদ্যুতিক ট্রান্সফারমা

বিসিক শিল্প নগরী মিরসরাইতে চট্টগ্রাম পল্লী বিদ্যুত সমিতির লাইন সংযোগ দেয়া হয়েছে। প্লটগুলো ও রাস্থার পাশে সুনির্দিষ্ট দুরত্বে বৈদ্যুতিক খুটি দ্বারা তার ঝুলানো হয়েছে। এবং শিল্পনগরীর জন্য ৪ (চার) টি বৈদ্যুতিক ট্রান্সফারমা আনা হলেও সিকিউরিটির অভাবে সে ৪ (চার)টি প্রশাসনিক ভবনের চত্তরে সংরক্ষণ করা হয়েছে দৃশ্যমান (চিত্র ১৩,১৪,১৫ ও ১৬)।

১২.১২ কর্ণফুলী গ্যাস লাইন

বিসিক শিল্প নগরী মিরসরাইতে কর্নফুলী গ্যাস লাইন সংযোগ দেয়া হয়েছে। তবে সিকউরিটির অভাবে সংস্থাপিত গ্যাস লাইন চালু সম্ভব নয়। এর নগরীর আশে পাশে লোকালয়ে এই গাসের হাউজহোল্ড কাজে ব্যবহার হচ্ছে। প্রত্যেকটি প্লটের সাথে গ্যাস লাইনের সংযোগ দেয়া আছে।

১২.১৩ পানির লাইনের ব্যবস্থা

অত্র এলাকায় ভূগর্ভস্থ পানি প্রাপ্তি কষ্টসাধ্য। স্থানীয় জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের প্রদত্ত তথ্য মতে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মিরসরাই সীতাকুন্ড অংশের পশ্চিম পার্শ্বের ১.৫ কি. মি. পর্যন্ত গভীর নলকূপের জন্য পানির পর্যাপ্ত লেয়ার নেই। ফলে প্রকল্প পরিচালক ১০০০ ফুট গভীরতায় গভীর নলকূপ স্থাপনের নিমিত্ত আরডিএ,বগুড়া থেকে সার্বমার্সিবল ওয়াটার পাম্প স্থাপন করেন। বিসিক শিল্প নগরী মিরসরাইতে পাম্প হাউজ থেকে এ পানির লাইন সংযোগ দেয়া হয়েছে। তবে সিকউরিটির অভাবে সংস্থাপিত পানির লাইন চালু সম্ভব নয়। প্রত্যেকটি প্লটের সাথে পানির লাইনের সংযোগ দেয়া আছে।

১২.১৪ ছাদে রেইন ওয়াটার হারভেস্টিং

প্রশাসনিক ভবনে নিচে আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজারভার নির্মাণ করা হয়েছে এবং ছাদে আরসিসি দ্বারা নির্মিত রেইন ওয়াটার হারভেস্টিং প্রিজারভেশন স্থাপন করা হয়েছে। এটি উপরের দিকে উন্মুক্ত। এর সাথে আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভারের সংযোগ রয়েছে প্রয়োজনে পানি রির্জাভারে সংরক্ষণ করা যাবে। এবং অন্য একটি সংযোগ দিয়ে পানি ব্যবহারের জন্য পাইপ সংযোগ দেয়া আছে দৃশ্যমান (চিত্র ৬)।

১২.১৫ সোলার প্যানেল

প্রশাসনিক ভবনের ছাদে দু'চেম্বারের একটি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। বিশেষ প্রয়োজনে এটি দ্বারা উৎপাদিত বিদ্যুত প্রশাসনিক ভবনে ব্যবহার করা হবে দৃশ্যমান (চিত্র ৭)।

১২.১৬ প্লান্টেশন

মিরসরাই বিসিক শিল্প নগরীতে ফলজ, বনজ ও ঔষধি গাছ যেমন; নারিকেল, আম, জাম, তাল, সেগুন, পাহাড়ী, ও ফুল গাছের ছারা লাগানো হয়। ইতোমধ্যে উন্মুক্ত প্লটে গরু-ছাগল প্রবেশ করে অনেক গাছ নষ্ট করেছে দৃশ্যমান (চিত্র ১৩ ও ১৮)।

১২.১৭ বিসিক শিল্প নগরীর সিকিউরিটি

গত ৩০ জুন ২০১৭ ইং তারিখে প্রকল্পের নির্মাণ কাজ শেষ হলেও এখনো কোন সিকিউরিটির ব্যবস্থা করা হয়নি। অথচ এই শিল্প নগরী বিসিক চট্টগ্রাম আঞ্চলিক অফিস হতে ৬৫ কিমি দূরে অবস্থিত হওয়ায় এখানকার নির্মিত স্থাপনা যেমন; পল্লী বিদ্যুতের লাইন সংযোগ দেয়া হয়েছে, কর্ণফুলী গ্যাস লাইন, পানির লাইনের ব্যবস্থা করা হয়েছে, প্রশাসনিক ভবন,পাম্প হাউজ ও পাম্প ড্রাইভারের কোয়টারের স্থাপিত বিভিন্ন ধরণের জিনিষপত্র রয়েছে। বিদ্যুতের ৪টি ট্রান্সফর্মা, সোলার প্যানেল ও ঝুলানো বৈদ্যুতিক তার ঝুঁকির মধ্যে রয়েছে। সিকিউরিটির অভাবে বিদ্যুতের ৪টি ট্রান্সফর্মা প্রশাসনিক ভবনের অভ্যন্তর চত্তরে রাখা আছে।

১২.১৮

বিসিক চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে গভীর নলকূপ স্থাপনের জন্য RDA, BOGRA কে ৫৫.২৫৮ লক্ষ টাকা প্রদান করা হয়। প্রতিষ্ঠানটি গভীর নলকূপ স্থাপন করতঃ বিএসটিআই মাত্রা সীমার মধ্যে পানির ব্যবস্থা একইভাবে কনসালটিং ফার্ম কর্তৃক IEE/EIA প্রস্তুতের নিমিত্তে একইভাবে অনুমোদনের প্রেক্ষিতে উক্ত কাজটিও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে ৬.৯৫ লক্ষ টাকায় সম্পাদন করা হয়।

১২.১৯ প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ করা হলেও উপরোল্লিখিত ১২.৬ ও ১২.৭ এ বর্ণিত ২টি খাতের অতিরিক্ত ব্যয় সমন্বয় করা সম্ভব হয়নি।

১২.২০ পিসিআর অনুযায়ী "বিসিক শিল্প নগরী মিরসরাই" প্রকল্পের এক্সটারনাল অডিট হয় নাই তবে ইন্টারনাল অডিট হয়েছে। ০৫/০৬/২০১৭ তারিখে অডিট রিপোর্ট দাখিল করা হয় এবং সকল অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে বলে পিসিআর-এ উল্লেখ করা হয়।

১২.৯ প্রকল্প আওতায় নির্মিত স্থাপনার কতিপয় স্থিরচিত্রঃ



চিত্র ১:বিসিক মিরসরাই শিল্প নগরীর গেট ও এপ্রোচ রোড



চিত্র ২:বিসিক মিরসরাই শিল্প নগরীর গেট ও এপ্রোচ রোড



চিত্র ৩:বিসিক মিরসরাই শিল্প নগরীর গেট ও এপ্রোচ রোড পরিমাপ



চিত্র ৪:বিসিক মিরসরাই শিল্প নগরীর গেট ও এপ্রোচ রোড পরিমাপ



চিত্র ৫:বিসিক মিরসরাই এর ইউনিট প্রধনের প্রশাসনিক ও আবসিক ভবন।



চিত্র ৬:বিসিক মিরসরাই এর ইউনিট প্রধনের প্রশাসনিক ভবনের ছাদে নির্মিত রেইন ওয়াটার হারভেস্টিং রিজারভার।



চিত্র ৭:বিসিক মিরসরাই এর প্রশাসনিক ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেল।



চিত্র ৮:বিসিক মিরসরাই এর প্রশাসনিক ভবনের সিঁড়ির প্রস্থ পরিমাপ করা।



চিত্র ৯:বিসিক মিরসরাই এর ইউনিটে আরডিএ বগুড়া কর্তৃক স্থাপিত সাবমার্সিবল ওয়াটার পাম্প।



চিত্র ১০:বিসিক মিরসরাই এর সাবমার্সিবল ওয়াটার পাম্প। পাম্প ড্রাইভার কোয়াটার।



চিত্র ১১:বিসিক মিরসরাই এর কালভার্ট ও আউটলেট ড্রেন।



চিত্র ১২:বিসিক মিরসরাই এর আউটলেট ড্রেন।



চিত্র ১৩:বিসিক মিরসরাই এর স্থাপিত বৈদ্যুতিক লাইন।



চিত্র ১৪:বিসিক মিরসরাই এর স্থাপিত বৈদ্যুতিক লাইনে ট্রান্সফরমার সংযোগ স্থল।



চিত্র ১৫:বিসিক মিরসরাই এর বৈদ্যুতিক লাইনের ৪টি ট্রান্সফরমার প্রশাসনিক ভবনের চত্তরে সংরক্ষণ করা ।



চিত্র ১৬:বিসিক মিরসরাই এর প্রস্তুতকৃত শিল্প প্লট।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১.	জনাব মাজহাবুর রহমান	প্রকল্প পরিচালক	অতিরিক্ত	২৮/০৯/২০১০ -০৬/০১/২০১৩
২.	জনাব সফিউর রহমান	প্রকর্প পরিচালক	অতিরিক্ত	০৬/০১/২০১৩- ২৩/১১/২০১৪
৩.	কৃষ্ণ কুমার আচার্য্য	প্রকল্প পরিচালক	অতিরিক্ত	২৩/১১/২০১৪ -৩০/০৬/২০১৭

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) ১৫.৩২ একর ভূমি অধিগ্রহণ করে ৮৮ টি শিল্প প্লট নির্মাণ করে স্থানীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্পের চাহিদা পূরণ;	শতভাগ অর্জন
২)মাটি ভরাট ,অভ্যন্তরীন রোড নেটওর্য়াক ,ড্রেনেজ,বিদ্যুৎ ও গ্যাস লাইন সংযোগ, রেইনওয়াটর প্রিজারভেশন রিজারর্ভার ,সোলার প্যানেল স্থাপন করে ৮৮ ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপন;	শতভাগ অর্জন
৩) ৮৮ টি ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট স্থাপন করে এলাকার দারিদ্রতা দুরীকরণ; এবং	প্রকল্প এলাকার সকল শিল্প কারখানা স্থাপনের পর অর্জিত হবে।
৪) শিল্প কার্যক্রম চালু করার মাধ্যমে ৫০০০ লোকের চাকুরীর সুবিধার মাধ্যমে দেশের জিডিপিতে অবদান রাখা ও অর্থনৈতিক উন্নয়ন করণ।	প্রকল্প এলাকার সকল শিল্প কারখানা স্থাপনের পর অর্জিত হবে।

১৫.০ **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য**(পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী):

ট্রান্সপোর্ট ক্রয় (সংখ্যা)

ট্রান্সপোর্ট সংখ্যা	পিপি অনুযায়ী সংখ্যা	ক্রয় তারিখ	ট্রান্সপোর্ট পুলে প্রেরণের তারিখ	ও এন্ড এম প্রেরণের তারিখ	কনডেম/ড্যামেজের তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
মটর সাইকেল	১	০৮/০৬/২০১১	-	-	-	আইএসসি, বিসিআইসি ,চট্টগ্রামে হস্তান্তর।

পণ্য,নির্মাণ ও সেবা সার্বিস ক্রয়:

পণ্য,নির্মাণ ও সেবা সার্বিস ক্রয়ের বিবরণ	টেন্ডার/বিড/প্রফোজাল কস্ট(লক্ষ টাকা)		টেন্ডার/বিড/প্রফোজাল		চুক্তি সম্পাদানের তারিখ	
	পিপি অনুযায়ী	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তির/এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭
১)ভূমি উন্নয়ন	৪৫৪.৭৭	৩৬৯.৯০	১০/০৩/২০১২	০৭/০৩/২০১২	০৭/১১/২০১২	**
২) ভূমি উন্নয়ন	২৩৪.৩৯৭	২১৭.০০৬	১৭/৫/২০১৫	১৭/৮/২০১৫	১৮/৩/২০১৬	১৮/৩/২০১৬
২)রোড কার্পেটিং						
(এ) লট-১	(২২১.৩০ + ১১৯.২০) =৩৪০.৫০	১৩৬.৩৬	১৮/৩/২০১৬	২৯/৬/২০১৬	১৭/৩/২০১৭	১৭/৩/২০১৭
(বি) লট-২			১৮/৩/২০১৬	২৯/৬/২০১৬	১৭/৩/২০১৭	১৭/৩/২০১৭

১৬.১ প্রাপ্ত সমস্যা:

১৬.১.১ গত ৩০শে জুন, ২০১৭ প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ হওয়ায় উল্লেখিত সময়ের পর অদ্যাবধি প্রকল্পের নিরাপত্তা কাজে বিসিকের কোন পাহারাদার নিয়োজিত করা সম্ভব না হওয়ায় প্রকল্পের মূল্যবান অরক্ষিত বৈদ্যুতিক ট্রান্সফার্মার, সোলার প্যানেল ,বৈদ্যুতিক তার, মিটার, লাইট, সুইচ, ফ্যান, গ্যাস ও পানির লাইনের জন্য স্থাপিত বিভিন্ন যন্ত্রপাতি সিকিউরিটির অভাবে চুরি হবার আশংকা রয়েছে।

১৬.১.২ প্রকল্প বাস্তবায়ন কাজ ৩০শে জুন, ২০১৭ শেষ হয়। উল্লেখিত সময়ের পর অদ্যাবধি প্রকল্পটির প্লটগুলো আগ্রহী শিল্প উদ্যোগতাদের মাঝে বন্টণ করার উদ্যোগ গ্রহণ করা হয়নি।

১৬.১.৩ বিসিক চেয়াম্যান মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্প এলাকায় ১০০০ ফুট গভীরতায় গভীর নলকূপ স্থাপনের নিমিত্তে RDA, BOGRA কর্তৃক অতিরিক্ত ২৫.৩০২ লক্ষ টাকা ও কনসালটিং ফার্ম কর্তৃক IEE/EIA প্রস্তুতের নিমিত্তে অতিরিক্ত ৩.১৫ লক্ষ টাকা প্রদান করা হলেও এ দু'টি খাতের অতিরিক্ত ব্যয় সমন্বয় করার প্রমাণ পাওয়া যায়নি।

১৬. ২ সুপারিশমালা

১৬.২.১ বিসিক শিল্প নগরী মিরসরাই এর সকল অরক্ষিত মূল্যবান জিনিষপত্রের নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রকল্প কর্তৃপক্ষকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে (১৬.১.১);

১৬.২.২ প্রকল্পের আওতায় তৈরিকৃত শিল্প প্লটগুলো দ্রুত আগ্রহী শিল্প উদ্যোগতাদের মাঝে হস্তান্তর করার জন্য বিসিক ও শিল্প মন্ত্রণালয়কে দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে (১৬.১.২);

১৬.২.৩ ১০০০ ফুট গভীরতায় গভীর নলকূপ স্থাপনের নিমিত্তে RDA, BOGRA কর্তৃক অতিরিক্ত ২৫.৩০২ লক্ষ টাকা ও কনসালটিং ফার্ম কর্তৃক IEE/EIA প্রস্তুতের নিমিত্তে অতিরিক্ত ৩.১৫ লক্ষ টাকা প্রদান করা হলেও এ দু'টি খাতের অতিরিক্ত ব্যয় কেন সমন্বয় করা হয়নি এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (১৬.১.৩)।

পাবনা বিসিক শিল্পনগরী সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষকপ্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : ডিসেম্বর ২০১৬)

১। প্রকল্পের নাম : **পাবনা বিসিক শিল্পনগরী সম্প্রসারণ (১ম সংশোধিত)**
২। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : শিল্প মন্ত্রণালয়।
৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন।
৪। প্রকল্পের অবস্থান : মৌজা-পাটিকাবাড়ী, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা
৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৯৪৩.০০	৩৫৯৫.০০ -	৩২১১.২৩ -	০১/০৭/২০১৩ থেকে ৩০/০৬/২০১৬	০১/০৭/২০১৩ থেকে ৩১/১২/২০১৬	০১/০৭/২০১৩ থেকে ৩১/১২/২০১৬	১৯% নিম্ন	১৬% বেশী

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : (PCR হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

কোড নং	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬
	ক) রাজস্ব ব্যয়				
	কর্মকর্তার বেতন				
৪৮০০	সরবারহ ও সেবা	৬০.৫৪		৫৮.৯৮	
	মোট	৬০.৫৪		৫৮.৯৮	
৬৮০০	খ) মূলধন অংশ (সম্পদ সংগ্রহ/ক্রয়)				
৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ	৮.১৫	১০টি	**৮.০২**	১০টি
৬৮২১	ফার্নিচার	৪.০০	এল এস	**৩.৯৯**	এল এস
৬৮৪৫	বৃক্ষরোপন	৪.০০	**৭০০টি**	**৪.০০**	**৭০০টি**
৬৯০১	ভূমি অধিগ্রহণ	২২৭৯.৩১	১৫ একর	**২২৭৯.৩১**	১৫ একর
৭০০১	ভূমি উন্নয়ন	৩৪৬.১৪	১৫০৭৩৮ ঘন মি.	**৩৪৬.০৪**	১৫০৭৩৮ ঘন মি.
৭০১৬(এ)	পাম্প কোয়ার্টার	১৯.১৬	৪৬.৫০ ব.মি.	**১৮.১৭**	৪৬.৫০ ব.মি.
৭০১৬(বি)	রাস্তা নির্মাণ	৩৩৯.৭৫	৯৯৯২ ব.মি.	**২১৩.৬৫**	৯৯৯২ ব.মি.
৭০১৬(সি)	মটর ও পাম্প	৩৫.০০	০১টি	**৩৪.৮৩**	০১টি
৭০১৬(ডি)	পানির লাইন স্থাপন	১৭.১১	১৫০৮ মি.	**১৬.২২**	১৫০৮ মি.
৭০১৬(ই)	বিদ্যুত লাইন স্থাপন	৭৭.০৭	১৫০৮/৩ মি.	**৭৫.১৭**	১.২ কি. মি./৩
৭০১৬(এফ)	গ্যাস লাইন স্থাপন	৪৯.৮২	১৫০৮ মি.	--	--*
৭০৪১	(১) ড্রেন নির্মাণ	১৩১.৭৯	১৫৩০ মি.	**১২৮.৬৫**	১৫৩০ মি.
	(২) কালভার্ট নির্মাণ	২৫.৫৫	১৩টি	**২৪.২০**	১৩টি
	উপমোট (খ)	৩৩৩৩.৮৫			
৭৯৮০	(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি	৫০.৬৩	--	--	--
	(ঘ) প্রাইজ কন্টিনজেন্সি	১৪৯.৯৮	--	--	--
সর্বমোট (ক+খ+গ+ঘ)		**৩৫৯৫.০০**	**--**	**৩২১১.২৩**	

৭.১ প্রকল্পের পটভূমি:

বাংলাদেশে মাঝারি, ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন, সম্প্রসারণ ও বিকাশে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন সরকারি মূখ্য প্রতিষ্ঠান। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের জন্য অবকাঠামোগত সুবিধা সহ সমন্বিত সেবা অপিরহার্য। যথাযথ অবকাঠামোগত সুবিধা সহ শিল্প নগরী স্থাপন বিসিকের একটি অন্যতম কাজ । ১৯৫৭ সাল থেকে বিসিক এ যাবত ৭৪টি শিল্প নগরী স্থাপন করেছে । ১৯৬২ সালে ১১০.৫৩ একর জমির উপর পাবনা বিসিক শিল্প নগরী স্থাপিত হয়।এই শিল্প নগরীতে ৪৭৪টি শিল্প প্লটে ১৭১টি ক্ষুদ্র শিল্প ইউনিট স্তাপিত হয়েছে। বর্তমানে পাবনা বিসিক শিল্প নগরীতে বরাদ্দযোগ্য কোন শিল্প প্লট না থাকায় এবং উদ্যোক্তাদের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে ০৮/১০/২০১৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৩৯৪৩.০০ লক্ষ টাকা ব্যয় সম্বলিত পাবনা বিসিক শিল্প নগরী সম্পসারণ শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয় যার মেয়াদ ছিল ০১/০৭/২০১৩ থেকে ০১/০৬/২০১৬ পর্যন্ত।

৭.২ প্রকল্পের উদ্দেশ্য :

(১) শিল্পদ্যোক্তাদের ক্রমবর্ধমান উন্নত শিল্প প্লটের চাহিদা পূরণ।
(২) কমবেষী ৮০টি এসএমই শিল্প প্রতিষ্ঠান স্থাপনের মত অবকাঠামোগত সূযোগ সূবিধা সৃষ্টি করা।
(৩) কমবেশীকমবেষী ৮০টি এসএমই শিল্প প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে দারিদ্র হ্রাস তথা কর্মসংস্থান সৃষ্টি করা ।

৭.৩ প্রকল্পের অনুমোদন অবস্থা :

প্রকল্পের ডিপিপি প্রস্তুতের পূর্বে বিসিকের পত্র নং-৩৬.০৯৪.০১৪.০১.০২.০৩২.২০১১/১৫২৯(১০), তারিখ-২৫/০৯/২০১১ এর মাধ্যমে জেলা প্রশাসনের একজন প্রতিনিধি সহ ০৫ স দস্যের একটি সম্ভাব্যতা যাচাই কমিটি করা হয় । কমিটি সরেজমিনে প্রস্তাবিত প্রকল্প এলাকা পরিদর্শণ করে সম্ভাব্যতা প্রতিবেদন প্রস্তুত করে । সম্ভাব্যতা প্রতিবেদনর উপর ভিত্তি করে ডিপিপি প্রস্তুত করা হয় যা যথাযথ পক্রিয়া অনুসরণ পূর্বক একনেক কর্তৃক অনুমোদিত হয় ।

৭.৪ প্রকল্পের মূল কার্যক্রম: প্রকল্পটির উল্লেখযোগ্য কার্যক্রম হলো:

(ক) ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন;
(খ) রাস্তা নির্মাণ
(গ) পানি নিস্কাশন ড্রেন নির্মাণ;
(ঘ) পানি সরবরাহের জন্য গভীর নলকূপ স্থাপন; এবং
(ঙ) বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণ ইত্যাদি ।

৭.৫ প্রকল্প ব্যবস্থাপনা : প্রকল্প মেয়াদে নিম্নে বর্ণিত একজন কর্মকর্তা প্রকল্প পরিচালক- এর দায়িত্ব পালন করেছেন:

ক্র: নং	নাম ও পদবী	দায়িত্বর ধরণ		একের অধিক প্রকল্পের দায়িত্ব পালন সংক্রান্ত		প্রকল্প পরিচালকের দায়িত্ব কাল
		পূর্ণ কালীন	খন্ডকালীন	হ্যা/না	হ্যা হলে কতটি প্রকল্পের	
০১	প্রকৌ:জিতেন্দ্রনাথ পাল প্রকল্প পরিচালক	-	অতি: দায়িত্বে	না	-	২৬/১২/২০১৩ থেকে ৩১/১২/২০১৬ পর্যন্ত

৭.৬ প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি :

অর্থবছর ভিত্তিক ডিপিপি/সংশোধিত এডিপি সংস্থান , আরএডিপি বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয় সংক্রান্ত তথ্যাদি:

অর্থ বছর	মূল/সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তকৃত টাকা	আর্থিক ব্যয়	অব্যয়িত অর্থ	মন্তব্য
২০১৩-২০১৪	৩০০০.০০	৩০০০০.০০	২২৮৮.০১	৭১১.৯৯	সরকারি কোষাগারে ৭১১.২৪ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে
২০১৪-২০১৫	৪২২.০০	৪২২.০০	৪১৬.৩৮	৫.৬২	সরকারি কোষাগারে ৫.১৮ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে

অর্থ বছর	মূল/সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তকৃত টাকা	আর্থিক ব্যয়	অব্যয়িত অর্থ	মন্তব্য
২০১৫-২০১৬	৩৪২.০০	৩৪২.৬২	৩২৪.০১	১৮.৬১	সরকারি কোষাগারে ১৯.০০ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে
২০১৬-২০১৭	১৮৬.০০	১৮৫.৯৫	১৮২.৮৩	৩.১২	সরকারি কোষাগারে ১১.২৬ (মূল-৩.৯২ এবং সুদ-৭.৩৪) লক্ষ টাকা জমা দোয়া হয়েছে
মোট	**৩৯৫০.০০**	**৩৯৫০.৫৭**	**৩২১১.২৩**	**৭৩৯.৩৪**	**৭৪৬.৬৮ (মূল-৭৩৯.৩৪+ সুদ-৭.৩৪) লক্ষ**

৮.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:

গ্যাস লাইন সংযোগ স্থাপন : প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ পর্যায়ে এসে ও গ্যাস সংযোগ লাইন স্থাপন অনিশ্চিত হ ওয়ায় ১৭/১০/২০১৬ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভায় উক্ত অংগের কাজ বাদ রেখেই প্রকল্প সমাপ্ত করার সিদ্ধান্ত হয় । তদানুয়ায়ী গ্যাস সংযোগ লাইন স্থাপন কাজ বাদ রেখেই প্রকল্পর কাজ শেষ করা হয় (কার্যবিবরণী সংযুক্ত) ।

৯.০ প্রকল্প পরিশর্ন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ:

পকল্পেন বাস্তবায়ন ডিসেম্বর ২০১৬ তে সমাপ্ত হও য়ার পর প্রকল্প বাস্তবা য়নকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের PCR প্রণয়ন করে তা উদ্যেগী শিল্প মন্ত্রনালয়ের মাধ্যমে আইএম ইডিতে প্রেরণ করা হয়। PCR প্রাপ্তির পর প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে আইএমইডিতে পরিচালক, কাজী দেলোয়ার হোসেন কর্তৃক প্রক ল্প এলাকা পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে প্রকল্প পরিচালক সহ প্রকল্প বা স্তবায়ন সং শ্লিষ্ট অন্যান্য কমর্কর্তা উপস্থিত ছিলেন । প্রকল্পের PCR অন্যান্য দলিলাদি পর্যালোচনা এবং সরেজমিন পরিদর্শনের আলোকে সার্বিক পর্যবেক্ষণ নিম্নরুপ:

৯.১ বা স্তবায়ন মেয়াদ : বিবেচ্য প্রকল্পটি মূল অনুমোদিত মেয়াদ নি র্ধারিত ছিল জুন ২০১৬ পর্যন্ত । পরবর্তিত ১ম সংশোধিত অনুমোদিত মেয়াদ নির্ধারণ করা হয় ডিসেম্বর ২০১৬ ।প্রকল্পের প্রকৃত বাস্তবায়ন সমাপ্ত হয়েছে ডিসেম্বর ২০১৬ তে ফলে প্রকল্পটি ১ম সংশোধিত অনুমোদিত সময়সীমার মধ্যে সমাপ্ত হয়েছে । যা একটি প্রশংসনীয় বিষয় ।

৯.২ সার্বিক ব্যয় : বিবেচ্য প্রকল্পটি মূল অনুমোদিত মে য়াদের তুলনায় ১ম সংশোধিত অনুমোদিত ব্যয় মোট ৩৪৮.০০ লক্ষ টাকা হ্রাস অর্থ্যাৎ প্রায় ৮.৮ শতাংশ কমা নো হয়। কিন্তু প্রকল্পটির প্রকৃত ব্যয় ১ম সংশোধিত অনুমোদিত ব্যয় হতে আরও ৩৮৩.৭৭ লক্ষ টাকা অর্থ্যাৎ প্রায় ১০.৬ শতাংশ কম হয়েছে । এখানে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে যে, প্রকল্পের প্রকৃত ব্যয় হ্রাস পেলেও প্রকল্পের আওতায় নির্ধারিত প্রায় সকল অংগের বাস্তবায়ন ১ম সংশোধিত ডিপিপির সংস্থান অনুযায়ী সম্পন্ন হয়েছে মর্মে প্রতিয়মান হ য়। শুধু গ্যাস সংযোগ প্রদানের কাজটা অসমাপ্ত রয়ে গেছে । কারণ গ্যাস সরবরাহকারী সককারী কোম্পানি কর্তৃক গ্যাস সরবরাহের অপ্রতুলতার কারণে গ্যাস সংযোগ প্রাপ্তির কাজটি অসমাপ্ত রাখা হয়।

৯.৩ প্রকল্প পরিচালক : পুরো প্রক ল্প মেয়াদে একজন প্রকল্প পরিচালক নিয়েজিত থাকার ফলে বিবেচ্য প্রকল্পের বা স্তবায়নে ধারা বাহিকতা ও কর্মকুশলতার ছাপ পরিলক্ষিত হয়েছে । প্রকল্পের শুরু হতে সমাপ্তির পর এমনকি প্রকল্প সমাপ্তির প্রায় ১ বছরের বেশী সময়ের পরও প্রকল্প সংক্রান্ত সকল তথ্য উপাত্ত ও দলিলাদি অতি সহজে প্রকল্প অফিসে পাওয়া গেছে ।

৯.৪ প্রকল্প সমাপ্তির সাথে শিল্প প্লট বরাদ্দ ও শিল্প স্থাপন : প্রকল্পের আওতায় নির্ধারিত জমি অধিগ্রহণ করত : উক্ত জমিতে মাটি ভারাটের মাধ্যমে ভূমি উন্নয়ন সাধন করেও ১০০ টি শিল্প প্লট তৈরী করা হয়েছে। তৈরীকৃত প্লটসমূহকে ৩টি শ্রেণিতে বিভক্ত করে ইতোমধ্যে ৩০টি প্লট শিল্প উদ্যোগক্তাদেরকে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দ প্রদানকৃত শিল্প প্লট সমূহের মধ্যে ৫টি তে শিল্প স্থাপন করে সেগুলোতে উৎপাদন কার্যক্রম শুরু করা হয়েছে । তাছড়া ১০ টি প্লটে শিল্প স্থাপনের কাজ নির্মাণাধীন আছে ।

৯.৪ প্রক ল্পের আওতায় বরাদ্দকৃত টি শিল্প প্লটে শিল্প প্রতিষ্ঠান ধীরে ধীরে গড়ে ওঠার কারণে স্থাপিত গভীর নলকূপ দ্বারা উত্তোলনকৃত পানির চাহিদা প্রাথমিক অবস্থায় কম থাকবে । ফলে স্থাপিত নলকূপ চালু করা হলে প্রাথমিক অবস্থয় চাহিদার চেয়ে বেশী পানি উত্তোলনের কারণে পানির প্রচুর অপচয় হবে যা কাম্য নয় । এক্ষেত্রে নলকুপের উত্তোলিত পানির অপচয় রোধ করার জন্য এটির পানি সংরক্ষ ণের জন্য ইতোপূর্বে স্থাপিত বিদ্যসান ওভার হেড টাওয়ার পানির ট্যাংকির সাথে সংযোগ স্থাপন করা প্রয়োজন।

১০.০ প্রকল্পর উদ্দেশ্য ও অর্জনঃ

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন	মন্তব্য
শিল্পদ্যোক্তাদের ক্রমবর্ধমান উন্নত শিল্প প্লটের চাহিদা পূরণ	১০০%	
কমবেশী ৮০টি এসএমই শিল্প প্রতিষ্ঠান স্থাপনের মত অবকাঠামোগত সূযোগ সূবিধা সৃষ্টি করা ।	১০০%	
কমবেশী ৮০টি এসএমই শিল্প প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে দারিদ্য হ্রাসস তথা কর্মসংস্থান সৃষ্টি করা ।	অধিকাংশ প্লটই উদ্যেক্তাদের বরাদ্দ দেয়া হয়েছে, কারখানা স্থাপনের কাজ চলছে।	ইতোমধ্যেই বরাদ্দযোগ্য ৯৭ প্লটের মধ্যে ৮২ টি বরা দ্দ দেয়া হয়েছে এবং ০৩টি কর আনা স্থাপিত হয়েছে। অন্যান্যগুলির অবকাঠামো তৈরীর কাজ চলছে ।

১১.০ প্রকেল্পে প্রধান অংগের ক্রয় সংক্রান্ত তথ্য : ডিপিপিতে বণিত ক্রয় পরিকল্পনার সাথে ক্রয় প্রক্রিয়াকরন সংক্রান্ত প্রকৃত তথ্যাদির তুলনামূলক অবস্থার বিবরণ

প্যাকেজ নং	ডিপিপি অনুযায়ি ক্রয়, সেবা, কাজের বিবরণ	প্রাক্কলিত ব্যয়	ক্রয় প্রক্রিয়া				মন্তব্য
			ডিপিপি পরিকল্পনা অনুযায়ি		প্রকৃত		
			ক্রয় পদ্ধতি	চুক্তি অনুমোদনকারী	ক্রয় পদ্ধতি	চুক্তি অনুমোদনকারী	
জিডি-১ জিডি-২	কম্পিউটার এন্ড এক্সেসরিজ	৮.১৫	RFQ	PD	RFQ	PD	
জিডি-৩	ফার্ণিচার	৪.০০	RFQ	PD	RFQ	PD	
জিডি-৪	বৃক্ষরোপন	৪.০০	RFQ	PD	RFQ	PD	
ডব্লিউডি-১	ভূমি অধিগ্রহন	২২৭৯.৩১	ডিপোজিট ওয়ার্ক	HOPE	ডিপোজিট ওয়ার্ক	HOPE	
ডব্লিউডি-২	ভূমি উন্নয়ন	৩৪৫৬.১৪	OTM	HOPE	OTM	HOPE	
ডব্লিউডি-৩	পাম্প ড্রাইভার কোয়াটার নির্মাণ	১৯.১৬	LTM	PD	LTM	PD	
ডব্লিউডি-৪	রাস্তা নির্মাণ	৩৩৯.৭৫	OTM	HOPE	OTM	HOPE	
ডব্লিউডি-৫	পানির পাম্প	৩৫.০০	ডিপোজিট ওয়ার্ক	PD	ডিপোজিট ওয়ার্ক	PD	
ডব্লিউডি-৬	পানির লাইন নির্মাণ	১৭.১১	LTM	PD	LTM	PD	
ডব্লিউডি-৭	বিদ্যুৎ লাইন নির্মাণ	৭৭.০৭	ডিপোজিট ওয়ার্ক	PD	ডিপোজিট ওয়ার্ক	PD	
ডব্লিউডি-৯	ড্রেনেজ ষ্ট্রাকচার	১৩১.৭৯	OTM	PD	OTM	PD	
ডব্লিউডি-১০	কালভার্ট নির্মাণ	২৫.৫৫	LTM	PD	LTM	PD	

১২.০ প্রকল্প কার্যক্রমের নিরীক্ষা (AUDIT) সংক্রান্ত তথ্যাদি :

অর্থবছর	অডিট পরিচালনা বছর	অডিটে উত্থাপিত আপত্তির সংক্ষিপ্ত বিষয়	আপত্তির উল্লিখিত আর্থিক সংশ্লেষ	প্রকল্প কর্তৃক গৃহীত ব্যবস্থা	মন্তব্য
২০১৩-২০১৪ থেকে ২০১৬-২০১৭	২০১৭	জিতেন্দ্র নাথ পাল,প্রকল্প পরিচালক আতিরিক্ত দায়িত্ব ভাতা বাবদ ৮২০/	টাঃ৮২০/-	নিরিক্ষা চলাকালে তাৎক্ষণিক উক্ত অর্থ জমা দেয়ায় আপত্তিটি	ট্রেজারী চালানের মাধ্যমে কর্তিত অর্থ সরাকারি

অর্থবছর	অডিট পরিচালনা বছর	অডিটে উত্থাপিত আপত্তির সংক্ষিপ্ত বিষয়	আপত্তির উল্লিখিত আর্থিক সংশ্লেষ	প্রকল্প কর্তৃক গৃহীত ব্যবস্থা	মন্তব্য
		(আটশত বিশ) টাকা গ্রহন করেছেন।		নিস্পত্তি হয়েছে।	কোষাগারে জমা দেয়া হয়েছে।
২০১৩-২০১৪ থেকে ২০১৬-২০১৭	২০১৭	জিতেন্দ্র নাথ পাল প্রকল্প পরিচালক অনিয়মিতভাবে ভ্রমন বিলে সিএনজি /অটোরিক্সা ভাড়া বাবদ ১২০০/(এক হজার দুই শত)টাকা গ্রহণ করেছেন।	টাঃ১২০০/-	নিরীক্ষা চলাকালে তাৎক্ষণিক উক্ত অর্থ জমা দেয়ার আপত্তিটি নিস্পত্তি হয়েছে।	ট্রেজারী চালানের মাধ্যমে কর্তিত অর্থ সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।
২০১৩-২০১৪ থেকে ২০১৬-২০১৭	২০১৭	মেসার্স রাশেদ প্রোডক্টস এর নিকট থেকে প্রিন্টিং সামগ্রী সরবারাহের বিল থেকে ১,৬৩৯/(এক হাজার ছয় শত উনচল্লিশ টাকা) কম কর্তন করা হয়েছে যা আদায়যোগ্য।	টাঃ১,৬৩৯/-	নিরীক্ষা চলাকালেই সংশ্লিষ্ট সরবরাহকারীর নিকট থেকে আপত্তিকৃত অর্থ আদায় করা হয়েছে।	ট্রেজারী চালানের মাধ্যমে কর্তিত অর্থ সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।

১৩.০ চিহ্নিত সমস্যা (যদি থাকে):

১৩.১ প্রকল্পের আওতায় নির্মিত শিল্প প্লটে গ্যাসের সংযোগ দেয়ার সংস্থান থা কলেও সংশ্লিষ্ট গ্যাস কোম্পানি কর্তৃক নতুন শিল্পে গ্যাস সংযোগ প্রদানে অপারগতার বিষযটি প্রকল্প কর্তৃপক্ষকে জানানো হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে,সম্প্রসারনকৃত টি শিল্প প্লটে গ্যাস সংযোগ প্রদান অনিশ্চিত হ য়ে পড়ায় বরাদ্দকৃত প্লটসমূহে শিল্প স্থাপন কাজে ধীর গতি পরিলক্ষিত হচ্ছে। তবে, বর্তমানে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহের সুবিধা স্থাপিত হওয়ায় শিল্পে গ্যাস সংযোগ প্রদানের সুযোগ তৈরী হযেছে যা থেকে প্রকল্প এলাকার শিল্পসমূহে গ্যাস সংযোগ প্রাপ্তির উদ্যোগ গ্রহণ করা সমীচীন হবে।

১৩.২ প্রকল্পের আওতায় নির্মান ড্রেনসমূহের নির্মাণ এবং সেলুলার গভীরতা ও ঢাল (slope) বাহ্যিকভাবে যথাযথ বলে প্রতিয়মান হয়েছে । তবে নির্মিত রাস্তাসমুহের উপরস্থ বিটুমিনের স্তর ক্ষতিগ্রস্থ হওয়া অবস্থায় দোখা গেছে । এ বিষয়ে প্রকল্প পরিচালক এবং উপস্থিত প্রকৌশলী জানান যে, বরাদ্দকৃত প্লটে শল্প প্রতিষ্ঠান নির্মা ণ কাজের মালামাল পরিব হনসহ নির্মাণসামগ্রী প্রক্রিয়াকরনের কারণে নির্মিত রস্তাগুলোর উপরিভাগের বিটুমিনের প্রলেপ ক্ষতিগ্রস্থ হয়েছে। একই সাথে প্রকল্পের আওতায় রোপনকৃত বেশীর ভাগ গাছও ক্ষতির সম্মুখীন হচ্ছে অবস্থায় দেখতে পাওয়া গেছে । এ থেকে এটি প র্যাবেক্ষণ করা যাচ্ছে যে, এ জাতীয় শিল্প প্লট বা আবাসিক প্লট বা আবাসিক প্লট নির্মাণ প্রকল্পে বিটুমিনের রাস্তা নির্মাণ না করে শুধু ইটের (এইচবিবি) তৈরী রাস্তা নির্মাণ করা হলে পরবর্তীতে শিল্প প্রতিষ্ঠান নির্মাণকালীন ক্ষতির পরিমাণ হ্রাস পাবে । একই ভাবে, বৃক্ষ রোপনের কাজও বাদ রেখে শিল্প প্রতিষ্ঠান নির্মাণের পর তা শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রোপনের সংস্থান রাখা সমীচীন হবে।

১৩.৩ প্রকল্পের আওতায় বরাদ্দকৃত টি শিল্প প্লটে শিল্প প্রতিষ্ঠান ধীরে ধিরে গড়ে ওঠার কারণে স্থাপিত গভীর নলকূপ দ্বারা উত্তোলনকৃত পানির চাহিদা প্রাথমিক অবস্থায় কম থা কবে । ফলে স্থাপিত ললকূপ চালু করা হলে প্রাথমিক অবসথায় চাহিদার চেয়ে বেশী পানি উত্তোলনের কারণে পানির প্রচুর অপচ য় হবে যা কাম্য নয় । এক্ষেত্রে নলকুপের উত্তোলিত পানির অপচয় রোধ

করার জন্য এটির পানি সংরক্ষণের জন্য ইতোপূর্বে স্থাপিত বিদ্যমান ওভার হেড টাওয়ার পানির ট্যাংকির সাথে সং যোগ স্থাপন করা প্রয়োজন ।

১৩.৪ প্রকল্পের আওতায় সম্প্রসারণকৃত শিল্প প্লটসহ পূর্বে স্থাপিত টি চালু শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য পরিশোধনের কোন প্রক্রিয়াজাতকরণ প্লান্ট না থাকায় শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য ড্রেনের মাধ্যমে ইছামতি নদীতে (বর্তমানে নদীটি সরু খাল) ফেলা হচ্ছে । বর্তমান প্রকল্পের আওতায় নির্মীত শিল্প প্লটে একটি কম্পোজিট টেক্সটাইল স্থাপনের জন্য বরাদ্দ প্রদান করা হয়োছে মর্মে প্রকল্প পরিচালক জানান। কম্পোজিট টেক্সটাইল মিল হতে সাধারণত রাসায়নিক বর্জ্য নির্গত হয় । এক্ষেত্রে, পাবনা শিল্প এলাকায় কোন বর্জ্য প্রক্রিয়করণ প্লান্ট (ETP) না থাকায় ভবিষ্যতে উক্ত কম্পোজিট টেক্সটাইল স্থাপিত হলে সেটির বর্জ্য দ্বারা পরেবেশের ক্ষতির উচ্চ ঝুঁকির আশংকা রয়েছে । এমতাবস্থায়, উক্ত কম্পোজিট টেক্সটাইল মিল কর্তৃপক্ষের নিজ উ দ্যোগে বর্জ্য প্রক্রিয়করণ প্লান্ট স্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা প্রয়োজন। একই সাথে ,পাবনা শিল্প এলাকায় একটি কেন্দ্রীয় বর্জ্য প্রক্রিয়াকরণ প্লান্ট স্থাপনের উদ্যোগ গ্রহণের মাধ্য মে শিল্প বর্জ্য সরাসরি প্রাকৃতিক পানির উৎসে মিশার ব্যবস্থা বন্ধ করা প্রয়োজন। এটি সম্ভব না হলে এ শিল্প এলাকায় ক্ষতিকারক কোন প্রকার শিল্প প্রতিষ্টানকে প্লট বরাদ্দ প্রদান পরিহার করার বিষয়টি বিবেচনা করা সমীচীন।

১৩.৫ বিবেচ্য প্রকল্পের আওতায় সম্প্রসারণকৃত টি শিল্প প্লটসহ পুরোনো টি প্লটে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা বিধানের জন্য কোন সীমানা প্রাচীর নাই। শিল্প এলাকায় বিপুল বিনিয়োগে শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও প্রচুর মানুষের কর্মসংস্থানসহ নিয়মিত যাতায়াত থাকায় এ স্থানের নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করার জন্য শিল্প এলাকার চারিদিকে সীমানা প্রাচীর নির্মাণ করা অতীব প্রয়োজন।

১৩.৭ পাবনা শিল্প এলাকার মূল প্রবেশ পথসহ পুরোনো প্লটসমূহে চালু শিল্প প্রতিষ্ঠানসমূহে পরিবহনের জন্য নির্মীত অভ্যন্তরিন রাস্তাসমূহের অবস্থা অত্যন্ত নাজুক । রাস্তাসমূহ এতোটাই ভঙ্গ যে সেখানে শিল্প মালামাল পরিবহনে নিয়োজিত যানবাহন বিকল বা খানা খন্দে অটকে পড়ছে। শিল্প এলাকার রাস্তাসমুহ অতি দ্রুত মেরামত করা অতীব প্রয়োজন।

১৪.০ সুপারিশ/মতামতঃ

১৪.১ বর্তমানে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহের সুবিধা প্রাপ্তির কার্যকর ব্যবস্থা প্রক্রিয়াধীন থাকায় শিল্পে গ্যাস সংযোগ প্রদানের যে সম্ভাবনা তৈরী হচ্ছে সে সুযোগ গ্রহণের লক্ষে প্রকল্প এলাকার শিল্পসমূহে গ্যাস সং যোগ প্রদানের জোর প্রচেষ্ঠা নিতে হবে;

১৪.২ শিল্প প্লট বা আবাসিক প্লট নির্মাণ প্রকল্পে প্রকল্প বাস্তবায়নাধীন পর্যায়ে বিটুমিনের রাস্তা নির্মাণ না করে শুধু ইটের (এইচবিবি) তৈরী রাস্তা নির্মাণ করা হলে তা অর্থের অপচয় রোধের সহায়ক হবে:

১৪.৩ শিল্প প্রতিষ্ঠান নির্মাণের পর স্থাপিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বৃক্ষ রোপনের সংস্থান রাখতে হবে;

১৪.৪ পাবনা শিল্প এলাকার ক্ষতিকর শিল্প বর্জ্য সরাসরি প্রাকৃতিক পানির উৎসে যুক্ত হওয়া বন্ধ করে পরিবেশ বান্ধব বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে একটি কেন্দ্রীয় বর্জ্য প্রক্রিয়াকরণ (ETP) প্লান্ট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;

১৪.৫ নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করার জন্য শিল্প এলাকার চারিদিকে সীমানা প্রাচীর নি র্মাণ করার উদ্যোগ নেয়া অতীব প্রয়োজন; এবং

১৪.৬ শিল্প এলাকার মূল প্রবেশ পথসহ অভ্যন্তরীণ রাস্তাসমুহ অতি দ্রুত মেরামত করার উদ্যোগ নিতে হবে।